# কুমারীতন্ত্রম্

( মূল সংস্কৃত ও বঙ্গানুবাদ সমেত )

শ্রীজ্যোতির্লাল দাস
সম্পাদিত



নবভারত  পাবলিশার্স

৭২, মহাত্মা গান্ধী রোড ॥ কলিকাতা-৯

# কুমারীতন্ত্রম্

# কুমারীতন্ত্রম্

( মূল সংস্কৃত ও বঙ্গানুবাদ সমেত )

শ্রীজ্যোতির্লাল দাস
সম্পাদিত

নবভারত 

পাবলিশার্স

৭২, মহাত্মা গান্ধী রোড ॥ কলিকাতা-৯

# গ্রন্থকারের নিবেদন

মঙ্গলময়ী মহামায়ার মহদনুকম্পায় ও মহদনুগ্রহে কুমারীতন্ত্রের সম্পাদনা ও অনুবাদ নিষ্পন্ন হইল। চার-পাঁচখানা পুঁথির তুলনামূলক পাঠাতে পাণ্ডুলিপি তৈয়ারী করা হইয়াছে। মূলের বিশুদ্ধতা ও পাঠান্তরাদি বিচার-কালে যে-টি বিশুদ্ধ এবং সঙ্গতিপূর্ণ-তাৎপর্য্যবহ বলিয়া বিবেচিত হইয়াছে তাহাই গ্রহণ-করত গ্রন্থে সন্নিবিষ্ট করা হইয়াছে।

আলোচ্যমান তন্ত্রগ্রন্থে মহামায়া দক্ষিণাকালিকারূপের মন্ত্র পূজাক্রমাদি, সাধনবিধি ও কুমারীর মানসপূজা পদ্ধতি এবং শ্মশানকালিকার সাধনপ্রণালী প্রভৃতি প্রপঞ্চিত হইয়াছে।

বক্ষ্যমাণ তন্ত্রের অনুবাদ ও ব্যাখ্যানে যদি তাৎপর্য্য যথাযথ প্রকাশ পাইয়া থাকে, তবেই আমার শ্রম এবং প্রকাশকের অর্থ-বিনিয়োগ সার্থক মনে করিব। গ্রন্থে কোন ত্রুটি পরিলক্ষিত হইলে সুধী সাধক ও পাঠকবর্গ পত্র দ্বারা ( বিশুদ্ধ রূপটি যুক্তি-বিচার প্রদর্শনপূর্ব্বক ) প্রকাশকের ঠিকানায় আমাকে জানাইলে পরবর্ত্তী সংস্করণে যথাবিহিত ব্যবস্থা অবলম্বিত হইবে।

এই গ্রন্থ সম্পাদনার প্রাক্কালে এসিয়াটিক সোসাইটি, জাতীয় গ্রন্থাগার প্রভৃতির বিভাগীয় কর্ত্তৃপক্ষ তাঁহাদের রক্ষিত পুঁথি পড়িবার অনুমতি প্রদান করিয়া আমাকে কৃতজ্ঞতাপাশে আবদ্ধ করিয়াছেন। তজ্জন্য আমি তাঁহাদিগকে আমার কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

আলোচ্য তন্ত্রের মূলের ভুল-ত্রুটীর এবং প্রুফের আবশ্যকীয় সংশোধনাদি কার্য্যে শ্রদ্ধেয় পণ্ডিত শ্রীবিজনবিহারী গোস্বামী এম-এ, কাব্য-ব্যাকরণ-বৈষ্ণবদর্শন-বেদান্ততীর্থ, ভাগবতশাস্ত্রী মহোদয় অকুণ্ঠ সহৃদয় সহযোগিতা করিয়াছেন। শাস্ত্রপ্রচারে তাঁহার এই নিঃস্বার্থ সহায়তা না পাইলে এই অতিবৃদ্ধ বয়সে গ্রন্থ সম্পাদনা করা আমার পক্ষে অতীব কষ্টসাধ্য কার্য্য হইত। গোস্বামীজীউর এই সহযোগিতার জন্য আমি মহামায়ার শ্রীচরণকমলে তাঁহার সর্ব্বদিকে মঙ্গলোন্নতি কামনা করি। অলমতিবিস্তারেণ—

শ্রীজ্যোতির্লাল দাস

কলিকাতা ঃ শ্রাবণ, ১৩৮৫ সন।

## সূচীপত্র

বিষ্ণুর্ব্বরিষ্ঠো দেবানাং হ্রদানামুদধির্যথা।
নদীনাঞ্চ যথা গঙ্গা পর্ব্বতানাং হিমালয়ঃ॥
অশ্বত্থঃ সর্ব্ববৃক্ষাণাং রাজ্ঞামিন্দ্রো যথা বরঃ।
দেবীনাঞ্চ যথা দুর্গা বর্ণানাং ব্রাহ্মণো যথা।
তথা সমস্তশাস্ত্রাণাং তন্ত্রশাস্ত্রমনুত্তমম্॥

—মৎস্যসূক্তে

যদ্‌গৃহে নিবসেত্তন্ত্রং তত্র লক্ষ্মীঃ স্থিরায়তে।
রাজদ্বারে শ্মশানে চ সভায়াং রণমধ্যতঃ॥
নির্জ্জনে চ জলে ঘোরে শ্বাপদৈঃ পরিভূষিতে।
মাহাত্ম্যাত্তস্য দেবেশি চমৎকারী ভবেৎ প্রিয়ে॥

—বৃহন্নীলতন্ত্রে

অন্যান্যশাস্ত্রেষু বিনোদমাত্রং, ন তেষু কিঞ্চিদ্ভুবি দৃষ্টমস্তি।
চিকিৎসিতজ্যোতিষতন্ত্রবাদাঃ, পদে পদে প্রত্যয়মাবহন্তি॥

# কুমারীতন্ত্রম্

## প্রথমঃ পটলঃ

[ মন্ত্রমাহাত্ম্যকথনম্ ]

ওঁ নমঃ শিবায় ॥ ওঁ নমো গণেশায় ॥

কৈলাসশিখরাসীনং চন্দ্রখণ্ডবিরাজিতম্।
পপ্রচ্ছ পরয়া ভক্ত্যা গৌরী নত্বা বৃষধ্বজম্ ॥ ১

শ্রীদেব্যুবাচ—

ভগবন্ সর্ব্বধর্ম্মজ্ঞ সর্ব্বশাস্ত্রবিশারদ।
কেনোপায়েন চ কলৌ সাধকাঃ যান্তি[1] সগদ্‌তিম্।
তন্মে বদ মহেশান যদি তেঽস্তি কৃপা ময়ি ॥ ২

শ্রীশিব উবাচ—

অতিগুহ্যতমং হ্যেতৎ জ্ঞানানন্দ[2]-সনাতনম্ ।। ৩
অতীব চ সুগোপ্যঞ্চ কথিতুং নৈব শক্যতে।
অতীব মে প্রিয়াসীতি কথয়ামি তথাপি তে ॥ ৪

---

[ মন্ত্র-মাহাত্ম্য কথিত হইতেছে ]

একদা চন্দ্রমৌলি শঙ্কর যখন কৈলাসশিখরে সমাসীন ছিলেন, তখন পার্ব্বতী পরম শ্রদ্ধাসহকারে বৃষধ্বজকে নমস্কার করিয়া জিজ্ঞাসা করিলেন। ১

পার্ব্বতী কহিলেন—হে ভগবন্! আপনি সর্ব্বধর্ম্মজ্ঞ এবং সর্ব্বশাস্ত্র-বিশারদ। হে মহেশ, হে ঈশান! যদি আমার প্রতি আপনার কৃপা থাকে, তাহা হইলে, কলিযুগে কি উপায়ে সাধক সদ্গতি লাভ করিতে পারে তাহা আমার নিকট ব্যক্ত করুন। ২

শঙ্কর কহিলেন—এই তত্ত্ব অতি গুহ্যতম তত্ত্ব। ইহা জ্ঞান এবং আনন্দরূপী সনাতন। ৩

এই তত্ত্ব অতীব গোপনীয় বিধায় আমি ইহা ব্যক্ত করিতে অক্ষম। কিন্তু তুমি আমার প্রিয়তমা প্রিয়া। সুতরাং ঐ তত্ত্ব আমি তোমার নিকট বর্ণনা করিতেছি। ৪

---

১। নরাঃ গচ্ছন্তি। ২। সদানন্দ।

সর্ব্বং ব্রহ্মময়ং হ্যেতৎ সংসার-স্থূলসূক্ষ্মকম্ ।
প্রকৃত্যা তু বিনা নৈব সংসারাদুপপদ্যতে ।। ৫
তস্মাত্তু প্রকৃতিমূলং কারণঞ্চৈব দৃশ্যতে ।
রূপাণি বহুসংখ্যানি প্রকৃতেঃ সন্তি তারিণি ॥ ৬
তেষাং মধ্যে প্রধানন্তু কালীরূপং মনোহরম্ ।
বিশেষতঃ কলিযুগে নরাণাং ভুক্তিমুক্তিদম্ ॥ ৭
অস্যা উপাসকাশ্চৈব ব্রহ্মবিষ্ণুশিবাদয়ঃ ।
চন্দ্রঃ সূর্য্যশ্চ বরুণো কুবেরোঽগ্নিস্তথা পরা[১] ।। ৮
দুর্ব্বাসাশ্চ বশিষ্ঠশ্চ দত্তাত্রেয়ো বৃহস্পতিঃ ।
বহুনাত্র কিমুক্তেন সর্ব্বে দেবাঃ উপাসকাঃ ॥ ৯
কালিকায়াঃ প্রসাদেন ভুক্তিমুক্ত্যাদিভাগিনঃ ।
তস্যা মন্ত্রং প্রবক্ষ্যামি যতো বক্ষ্যেজ্জগত্রয়ে[২] ॥ ১০
ক-কারং[৩] বহ্নিসংযুক্তং রতিবিন্দু-সমন্বিতম্ ।
ত্রিগুণঞ্চ ততঃ কূর্চ্চযুগ্মং লজ্জাযুগং ততঃ ॥ ১১

---

এই স্থূল ও সূক্ষ্ম তত্ত্বাত্মক সংসার সমস্তই ব্রহ্মময়। কিন্তু প্রকৃতি ভিন্ন সংসারের সৃষ্টি হয় না। ৫

সুতরাং প্রকৃতিই সৃষ্টির মূল ও কারণরূপে পরিদৃশ্যমান। হে তারিণি! এই প্রকৃতির রূপ অনন্ত। ৬

এই অনন্ত রূপমধ্যে প্রকৃতির কালীরূপই সর্ব্বাপেক্ষা মনোহর। বিশেষতঃ কলিযুগে কালীই মানবগণের ভোগ ও মোক্ষদায়িনী । ৭

ব্রহ্মা, বিষ্ণু, শিব, চন্দ্র, সূর্য্য, বরুণ, কুবের, অগ্নি প্রভৃতি দেবতাগণ ও দুর্ব্বাসা, বশিষ্ঠ, দত্তাত্রেয় প্রভৃতি ঋষি এবং সুরগুরু বৃহস্পতি প্রভৃতি সকলেই তাঁহার উপাসক। অধিক বাক্য ব্যয় না করিয়া ইহা বলিলেই যথেষ্ট হইবে যে সমস্ত দেবতাগণই তাঁহার উপাসক। ৮-৯

কালিকাদেবীর প্রসাদেই দেবতাদি সকলেই ভোগ ও মোক্ষের অধিকারী হইয়া থাকে। জগৎত্রয়ে কথিত সেই কালিকামন্ত্র বলিতেছি। ১০

---

১। পরঃ। ২। জ্জগত্রয়ং। ৩। বর্গাদ্যং।

দক্ষিণে কালিকে চেতি[১] পূর্ব্ববীজানি চোচ্চরেৎ।
বহ্নিজায়া[২]বধি প্রোক্তঃ কালিকায়া মনুর্ম্মতঃ ॥ ১২
ন চ ধ্যানাদ্য[৩]-পেক্ষাস্তি নারিমিত্রাদি-চিন্তনম্।
ন বা প্রয়াসবাহুল্যং ন কায়ক্লেশ এব চ ॥ ১৩
ভৈরবোঽস্য ঋষিঃ প্রোক্তঃ উষ্ণিক্[৪]ছন্দ উদাহৃতম্।
শ্মশানকালিকা দেবী দেবতা পরিকীর্ত্তিতা ॥ ১৪
লজ্জাবীজন্তু বীজঃ স্যাৎ শক্তিঃ স্যাৎ কূর্চ্চবীজকম্।
পাণ্ডিত্যে চ কবিত্বে চ বিনিয়োগঃ প্রকীর্ত্তিতঃ ॥ ১৫
বিদ্যারাজ্ঞী[৫]য়মুদিতা অনিরুদ্ধ-সরস্বতী।
কিং পুন র্দুর্লভং তস্য[৬] ত্রৈলোক্যে বিদ্যতেঽনঘে ॥ ১৬
অস্যাঃ স্মরণমাত্রেণ সিদ্ধয়োঽষ্টৌ ভবন্তি হি।
সকৃদুচ্চারণে দেবি সদ্যঃ খেচরতাং ব্রজেৎ ॥ ১৭

---

ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং দক্ষিণে কালিকে, হ্রীং হ্রীং হূং হূং ক্রীং ক্রীং ক্রীং স্বাহা। ইহা দক্ষিণাকালিকার মন্ত্র। ১১-১২

এই মন্ত্র সাধনে কোন ধ্যানাদির অপেক্ষা করিতে হয় না, বা এই মন্ত্র গ্রহণে অরিমিত্রাদিও বিচার করিতে হয় না। এই মন্ত্র সাধনে কোন প্রয়াসবাহুল্য নাই বা কোন প্রকার দৈহিক ক্লেশও সহ্য করিতে হয় না। ১৩

ভৈরব এই মন্ত্রের ঋষি, উষ্ণিক্ ইহার ছন্দ এবং দেবী শ্মশানকালিকা এই মন্ত্রের দেবতা। ১৪

হ্রীং এই মন্ত্রের বীজ এবং হূং ইহার শক্তি। পাণ্ডিত্য এবং কবিত্ব সিদ্ধির নিমিত্ত এই মন্ত্র প্রযুক্ত হইয়া থাকে। ১৫

এই মন্ত্রকে বিদ্যারাজ্ঞী বলা হয়। অনিরুদ্ধ ইহার সরস্বতী। সুতরাং হে অনঘে! ত্রিজগতে এই মন্ত্রপ্রভাবে কি দুষ্প্রাপ্য হইতে পারে? ১৬

দক্ষিণাকালিকা মন্ত্র স্মরণমাত্রই অষ্টসিদ্ধি লাভ হয় এবং একবার মাত্র উচ্চারণ করিলে সাধক আকাশ-মার্গে গমনাগমন ক্ষমতা লাভ করে। ১৭

---

১। চৈব। ২। বহ্নির্জায়া। ৩। নাত্র সিদ্ধ্যাদ্য; ন সুসিদ্ধাদ্য।
৪। ত্রিষ্টুপ্। ৫। বিদ্যাবাগ্মী; বিদ্যারাজী। ৬। অত্র; তত্র।

অস্যাঃ স্মরণমাত্রেণ পলায়ন্তে মহাপদঃ ।
অস্যাস্তু জ্ঞানমাত্রেণ জীবন্মুক্তঃ প্রজায়তে ।। ১৮
বৃহস্পতিসমো বাগ্মী ধরণীসদৃশঃ ক্ষমী ।
শ্রীরামসদৃশো বীর্য্যে রূপে কামসমঃ স্মৃতঃ ।। ১৯
সমুদ্র ইব গাম্ভীর্য্যে তেজসা ভাস্করোপমঃ ।
দুর্ব্বাসা ইব শাপাদৌ ক্রোধে চৈব যমোপমঃ ।। ২০
স্রষ্টা প্রজাপতিরিব স্থিতৌ বিষ্ণুসমস্তথা ।
প্রলয়েঽস্মৎসমো হ্যেষ এনাং যো বেত্তি তত্ত্বতঃ ।। ২১
বহুনাত্র কিমুক্তেন তৎসমো নাস্তি ভূতলে ।। ২২

ইতি কুমারীতন্ত্রে পার্ব্বতী-ভৈরব-সংবাদে মন্ত্রমাহাত্ম্যকথনং নাম প্রথমঃ পটলঃ ।।

---

এই মন্ত্র স্মরণমাত্রই মহা আপদও পলায়ন করে। এই মন্ত্রের সম্যক্ জ্ঞান-লাভ মাত্রই সাধক জীবন্মুক্তি লাভ করে। ১৮

এই মন্ত্রে সিদ্ধ সাধক বৃহস্পতির ন্যায় বাগ্মী, ধরণীর ন্যায় ক্ষমাশীল, শ্রীরামতুল্য বীর্য্যবান এবং কামদেবতুল্য রূপবান হইয়া থাকে। ১৯

সে ব্যক্তি গাম্ভীর্য্যে সমুদ্রসদৃশ, তেজে সূর্য্য, শাপাদি প্রদানে দুর্ব্বাসা এবং ক্রোধে যমতুল্য হইয়া থাকে। ২০

দক্ষিণাকালিকা তত্ত্বজ্ঞ সিদ্ধ সাধক সৃষ্টিকার্য্যে ব্রহ্মা, পালনে বিষ্ণু এবং প্রলয়কার্য্যে রুদ্রের সমতুল্য হইয়া থাকে। এ সম্বন্ধে বহুলোক্তি না করিয়া ইহা বলিলেই যথেষ্ট হইবে যে, পৃথিবীতে তাহার ন্যায় দ্বিতীয় ব্যক্তি থাকে না। ২১-২২

কুমারীতন্ত্রে পার্ব্বতী-ভৈরব-সংবাদে মন্ত্রমাহাত্ম্য নামক প্রথম পটল সমাপ্ত।

## দ্বিতীয়ঃ পটলঃ

[ সাধনাঙ্গন্যাসঃ, কালিকাধ্যানং মানসপূজাবিধি-কথনম্ ॥ ]

শ্রীদেব্যুবাচ—

যেয়ং ত্বয়া মহাবিদ্যা প্রোক্তা দেব সুদুর্লভা ।
অস্যাস্তু জ্ঞানমাত্রেণ কৃতার্থস্তু[১] ন সংশয়ঃ ॥ ১
কিং তস্যা যন্ত্রমন্ত্রাণি[২] ন জ্ঞাতানি ময়ানঘ[৩] ।
তদেব কথয়স্বাদ্য যদি তেঽস্তি কৃপা ময়ি ॥ ২

শ্রীভৈরব উবাচ—

সাধকঃ সুমনা জ্ঞানী স্নাত্বা নদ্যাং যথাবিধি ।
ওঁ বজ্রোদকে হুঁ ফট্ স্বাহা-মন্ত্রেণ মন্ত্রবিৎ ॥ ৩
জলমানীয় সব্যেন আসনং শোধয়েত্ততঃ[৪] ।
প্রণবং পূর্ব্বমুদ্ধৃত্য লজ্জাবীজং তথৈব চ ॥ ৪
ততো বিশুদ্ধান্তে সর্ব্বাণি পাপানি শময়েতি চ[৫] ।
অশেষান্তে বিকল্পং সদাপনয়েতি ততঃ পরম্ ॥ ৫

---

[ অধুনা কালিকা সাধনার ন্যাস প্রভৃতি অঙ্গাদি এবং কালিকার ধ্যান ও মানসপূজা কথিত হইতেছে ]

দেবী কহিলেন—হে মহাদেব! আপনি যে সুদুর্ল্ভ মহাবিদ্যার বিষয় আমাকে বলিলেন, তদ্বিষয়ে জ্ঞানলাভ মাত্রই আমি কৃতার্থ হইয়াছি, এতদ্বিষয়ে কোন সন্দেহ নাই। ১

হে অনঘ! ঐ মহাবিদ্যার সাধনার্থ যন্ত্র-মন্ত্র কি, তাহা আমি জানি না। যদি আমার প্রতি আপনার কৃপা থাকে, তাহা হইলে তৎসমুদয় আমার নিকট বিবৃত করুন। ২

শঙ্কর কহিলেন – সুমনা জ্ঞানী সাধক প্রথমে যথাবিধি নদীতে স্নান করিবে। তৎপর ওঁ বজ্রোদকে হুঁ ফট্ স্বাহা—এই মন্ত্র দ্বারা জলগ্রহণ করতঃ তদ্দ্বারা আসন শোধন করিবে। তৎপর ওঁ হ্রীং বিশুদ্ধ সর্ব্বাণি পাপানি শময় অশেষ-

---

১। কৃতার্থাস্মিন্। ২। মন্ত্রতন্ত্রাণি। ৩। কিমন্যৎ বহুতন্ত্রাণি বিজ্ঞাতানি ময়ানঘ।

৪। স্বাহান্তেন চ শোধয়েৎ।

৬। বিশুদ্ধ সর্ব্বদা ত্যন্তে পাপানি শময়ত্যথ ; তথা বিশুদ্ধ সর্ব্বান্তে পাপানি শময়ে তথা।

হূঁ স্বাহান্ত[১] ভবেন্মন্ত্রঃ পাদপ্রক্ষালনে[২] প্রিয়ে।
বেদাদ্যঞ্চ তথা মায়াং স্বাহেত্যাচমনং ততঃ ॥ ৬
ততোঽর্ঘ্যপাত্রং বিন্যস্য দ্বারপালান্ প্রপূজয়েৎ।
গাং বীজাদ্যং গণেশঞ্চ বামাদ্যং বটুকং তথা ॥ ৭
ক্ষামাদ্যং[৩] ক্ষেত্রপালঞ্চ যামাদ্যং যোগিনীং তথা[৪]।
ঊর্দ্ধং বামে দক্ষিণে চ অধশ্চৈব প্রপূজয়েৎ[৫] ॥ ৮
প্রণবং পূর্ব্বমুদ্ধৃত্য সর্ব্ববিঘ্নানতঃ পরম্।
উৎসারয় ততো হুঁ ফট্ স্বাহা চ তদনন্তরম্ ॥ ৯
অনেনৈব চ মন্ত্রেণ বিঘ্নানুৎসারয়েৎ সুধীঃ।
প্রণবং পূর্ব্বমুদ্ধৃত্য মন্যন্তে ধরিণীতি[৬] চ ॥ ১০
বজ্রিণীতি পদং চোক্ত্বা মহাপ্রতিসরে তথা।
রক্ষদ্বয়ং ততো হুঁ ফট্ স্বাহা চ তদনন্তরম্ ॥ ১১
প্রণবং পূর্ব্বমুদ্ধৃত্য রক্ষ রক্ষ তদনন্তরম্ ॥ ১২
হুঁ ফট্ স্বাহেতি মন্ত্রেণ ভূমিং চ পরিশোধয়েৎ।
ততঃ পবিত্র বজ্রভূমে[৭] প্রণবং পূর্ব্বমুদ্ধরেৎ ॥ ১৩

---

বিকল্পং সদাপনয় হূং স্বাহা—এই মন্ত্র দ্বারা পাদপ্রক্ষালন করিবে। ওঁ হ্রীং স্বাহা—এই মন্ত্রে আচমন করিবে। ৩-৬

তৎপর অর্ঘ্যপাত্র স্থাপন করিয়া প্রথমে দ্বারপালদিগকে পূজা করিবে। যথা—গাং গণেশায় নমঃ, বাং বটুকায় নমঃ, ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ, যাং যোগিন্যৈ নমঃ—ইহাদিগকে যথাক্রমে ঊর্দ্ধে, বামে, দক্ষিণে এবং অধোদিকে পূজা করিবে। ৭-৮

অনন্তর ওঁ সর্ব্ব-বিঘ্নান্ উৎসারয়, হুঁ ফট্ স্বাহা—এই মন্ত্রের দ্বারা সাধক বিঘ্নোৎসারণ ( বিঘ্ন অপসারণ ) করিবে।

ওঁ মণিধরি বজ্রিণি মহাপ্রতিসরে রক্ষ রক্ষ হুঁ ফট্ স্বাহা। এই মন্ত্রের দ্বারা বিচক্ষণ সাধক আত্মরক্ষা করিবে। ৯-১০

তৎপর ওঁ রক্ষ রক্ষ হুঁ ফট্ স্বাহা—এই মন্ত্র দ্বারা ভূমি সংশোধন করিবে। ১১-১২

---

১। কূর্চ্চবীজং। ২। প্রক্ষালয়েৎ। ৩। ক্ষেমাদ্যং। ৪। যোগিনীমপি
৫। প্রকীর্ত্তিতং। ৬। ধরণীতি। ৭। বজ্রাদৌ।

বর্ম্মদ্বয়ং ততশ্চৈব[১] ফট্ স্বাহা তদনন্তরম্[২] ।
অনেনৈব বিধানেন কুর্য্যাদ্ ভূম্যভিমন্ত্রণম্ ॥ ১৪
মৃতাসনং বিনা দেবি যো জপেৎ কালিকামনুম্ ।
তাবৎকালং বসেৎ ঘোরে যাবদাহুঃ যমং পুরম্ ॥ ১৫
ওঁ-কারান্তং[৩] সুরেখে চ বজ্ররেখে ততঃ পরম্ ।
হুঁ ফট্ স্বাহা । ততঃ কুর্য্যাৎ মণ্ডলং চ শবাসনে[৪] ॥ ১৬
বীরাসনেনোপবিশেৎ সংপূজ্যাসনমেব চ ।
অধিষ্ঠানে চ পুষ্পস্য প্রণবং পূর্ব্বমুদ্ধরেৎ ॥ ১৭
শতাভিষেকেতি পদং হুঁ ফট্ স্বাহা[৫] ততঃ পরম্ ।
অভিষেকেতি চ[৬] প্রোক্তং হুঁ ফট্ স্বাহা ততঃ পরম্ ॥ ১৮
অনেন মনুনা দেবি পুষ্পাধিষ্ঠানমেব চ ।
প্রণবং পুষ্পকেতুশ্চ তথা রাজ্ঞার্হতেতি চ[৭] ॥ ১৯

---

তৎপর ওঁ পবিত্র বজ্রভূমে হুং হুং ফট্ স্বাহা—এই মন্ত্র দ্বারা ভূমি অভিমন্ত্রিত করিবে। ১৩-১৪

হে দেবি! হে ব্যক্তি মৃতাসন ভিন্ন কালিকামন্ত্র জপ করে সে ব্যক্তি অনন্তকাল ঘোর নরকে বাস করে। ১৫

ওঁ সুরেখে বজ্ররেখে হুঁ ফট্ স্বাহা—এই মন্ত্রে মণ্ডল রচনা করিয়া তন্মধ্যে শবাসনের নিমিত্ত শবস্থাপন করিবে। ১৬

তৎপর আসনের পূজা করিয়া বীরাসনে সাধক সেই আসনোপরি অর্থাৎ শবোপরি উপবেশন করিবে। ১৭

তৎপর ওঁ শতাভিষেক হুঁ ফট্ স্বাহা, এই মন্ত্রে পুষ্পাধিষ্ঠান করিবে। ১৮

---

১। বর্ম্মদ্বয়ং তথৈব।

২। বর্ম্মদ্বয়ং তথৈব ফট্ স্বাহা চ তদনন্তরং। ৩। ওঁ আকারান্তং—ইতি ভ্রমাত্মকঃ।

৪। হুঁ ফট্ স্বাহা কুর্য্যাচ্চৈব মণ্ডলস্য চ সাধনে; হুঁ ফট্ স্বাহা প্রকুর্য্যাচ্চ মণ্ডলস্য শবাসনে; হ্রীঁ ফট্ স্বাহেতি বৈ কুর্য্যান্মণ্ডলঞ্চ শবাসনে।

৫। শতাভীতি; হ্রাঁ ফট্ স্বাহা। ৬। ষেকেতি চ ততঃ।

৭। তথা রাজ্ঞার্হতেতি চ; তথা রাজার্হতেঽপি চ; তথা বর্হিতেপি চ।

শতায় সম্যগিত্যুক্ত্বা সম্বন্ধায় চ ততঃ পরম্[১] ।
ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে ॥ ২০
পুষ্পচয়াবকীর্ণে হুঁ ফট্ স্বাহা ততঃ পরম্ ।
বিশুদ্ধপুষ্পমেতেন জলং পূর্ব্ববদাহরেৎ ॥ ২১
ভূতশুদ্ধিং বিধায়েত্থং দেবীরূপং বিচিন্তয়েৎ[২] ।
প্রণবং পূর্ব্বমুদ্ধৃত্য শেষসন্ধিনমেব চ[৩] ॥ ২২
হুঁ ফট্ স্বাহেতি মন্ত্রেণ কায়বাক্-চিত্তশোধনম্ ।
প্রণবং পূর্ব্বমুদ্ধৃত্য চাত্মানি রক্ষ এব চ[৪] ॥ ২৩
বজ্রিণীতি পদং প্রোক্ত্বা মহাপ্রতিসরে তথা[৫] ।
রক্ষ রক্ষ হুঁ ফট্ স্বাহা মন্ত্রঃ স্যাদাত্মরক্ষণে[৬] ॥ ২৪
অনেনৈব চ মন্ত্রেণ রক্ষামাত্মনি কারয়েৎ[৭] ।
ততঃ ষোড়শবর্ষীয়াং নারীমানীয় যত্নতঃ[৮] ॥ ২৫
যুবতীং মদনোন্মত্তাং সুবেশাং চারুহাসিনীম্ ।
সদা রতৌ সাভিলাষাং সিন্দুরাঙ্কিতভালকাম্ ॥ ২৬

---

ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে। পুষ্পচয়াবকীর্ণে হুঁ ফট্ স্বাহা ॥—এই মন্ত্রে পুষ্পকে শোধন করিয়া পূর্ব্ববৎ জল আহরণ করিবে। ১৯-২১

তৎপর ভূতশুদ্ধি সম্পন্ন করিয়া সাধক নিজেকে দেবীরূপে চিন্তা করিবে। তৎপর ওঁ শেষসন্ধিন হুঁ ফট্ স্বাহা, এই মন্ত্রে কায়, বাক্ ও চিত্তশোধন করিবে।

ওঁ আত্মানি রক্ষ বজ্রিণি মহাপ্রতিসরে রক্ষ রক্ষ হুঁ ফট্ স্বাহা—এই মন্ত্রে আত্মরক্ষা করিবে। ২২-২৪

এইরূপে আত্মরক্ষা করিয়া তৎপর ষোড়শবর্ষীয়া নারীকে সেই স্থলে আনয়ন করিবে। ২৫

---

১। সম্বন্ধাদৃয়মিত্যপি ; প্রজপেচ্চ বহুমিতি।

২। রূপেণ চিন্তয়েৎ ; রূপং তু চিন্তয়েৎ।

৩। শেষং চ নাম্নমেব চ। শেষং স্বর্গিণমেব চ ; প্রণবং পূর্ব্বমুদ্ধৃত্য শেষং মাদনমেব চ ; প্রণবং পূর্ব্বমুদ্ধৃত্য শেষং সাংকুলমেব চ।

৪। মণীতি ধরি এব চ।

৫। এই পংক্তি সকল পুঁথিতে নাই।

৬। মাঞ্চ রক্ষদ্বয়ঞ্চৈব হুঁ ফট্ স্বাহা ততঃ পরং।

৭। এই পংক্তি সকল পুঁথিতে নাই।

৮। মন্ত্রবিৎ।

সাধকপ্রেমশীলাং তু বামে সংস্থাপয়েদ্বুধঃ।
তস্যাঞ্চ ভূতশুদ্ধ্যাদীন্ কৃত্বা চ মাতৃকাং ন্যসেৎ ॥ ২৭
প্রাণায়ামং ততঃ কৃত্বা কারয়িত্বা যথাবিধি।
বীজেনৈব ততো মন্ত্রী ঋষ্যাদিন্যাসমাচরেৎ[১] ॥ ২৮
অঙ্গন্যাসং ততঃ কুর্য্যাৎ বীজেন প্রণবেন তু।
ব্রহ্মরন্ধ্রে ভ্রূবোর্ম্মধ্যে ললাটে নাভিদেশকে ॥ ২৯
গুহ্যে বক্ত্রে চ সর্ব্বাঙ্গে সর্ব্ববীজং ন্যসেৎ ততঃ[২]।
বর্ণন্যাসং ততঃ কুর্য্যাৎ যেন দেবীময়ো ভবেৎ ॥ ৩০
হুঁ-কারান্তা মাতৃকাবর্ণং হৃদয়ে সংপ্রবিন্যসেৎ[৩]।
ঋ-কারান্তাং[৪] ততঃ পশ্চাৎ দক্ষিণে ভুজে চ ন্যসেৎ ॥ ৩১
ট-কারান্তাং মহাদেবি[৫] ততো বামভুজে ন্যসেৎ।
ভ-কারান্তাং ততো মন্ত্রী ন্যসেৎ দক্ষিণপাদকে[৬] ॥ ৩২

ললাটদেশ সিন্দূররাগরঞ্জিত, মদোন্মত্তা, সুবেশা, চারুহাসিনী, সদা রতিতে-সাভিলাষা, সাধকপ্রেমাকাঙ্ক্ষী যুবতীকে সাধক স্বীয় বামভাগে স্থাপন করিবে। তৎপর ঐ যুবতীর ভূতশুদ্ধ্যাদি করিয়া, তৎপর মাতৃকান্যাস করিবে। ২৬-২৭

তৎপর সাধক প্রাণায়াম করিবে। অতঃপর বীজমন্ত্র দ্বারা ঋষ্যাদি ন্যাস সম্পন্ন করিবে। ২৮

তদনন্তর বীজ ও প্রণব দ্বারা অঙ্গন্যাস করিবে। তৎপর ব্রহ্মরন্ধ্রে, ভ্রূ-মধ্যে, ললাটে, নাভিদেশে, গুহ্যে, বক্ত্রে এবং সর্ব্বাঙ্গে সর্ব্ববীজ [ ওঁ ] দ্বারা ন্যাস করিবে। তৎপর মাতৃকাবর্ণ ন্যাস করিবে। এই ন্যাসের দ্বারা সাধক স্বয়ং দেবীময় হইয়া থাকে। ২৯-৩০

তৎপরে হৃদয়ে হুঁ-কারান্ত মাতৃকাবর্ণ এবং দক্ষিণভুজে ঋ-কারান্ত [পাঠান্তর মতে ধ-কার, ঘ-কার বা য-কারান্ত ] মাতৃকাবর্ণ ন্যাস করিবে। ৩১

---

১। ততো মন্ত্রাদিকান্ ন্যসেৎ ; ততো মূলাদিকং ন্যসেৎ ; ততো দিক্‌পালকান্ ন্যসেৎ।

২। সপ্তবীজানি বিন্যসেৎ ; সপ্তবীজং ন্যসেৎ ক্রম'ৎ।

৩। হুঁকারবীজমাতৃকান্তু হৃদয়ে চৈব বিন্যসেৎ ; হুঁকারান্তং ততঃ পশ্চাৎ হৃদয়ে চৈব বিন্যসেৎ ; ঃ-কারান্তং মাতৃকাবর্ণং হৃদয়ে সংপরিন্যসেৎ।

৪। ধ-কারান্তাং ; ঘ-কারান্তাং ; য-কারান্তাং।

৫। ঢ-কারান্তাং মহামন্ত্রী ; ড্র-কারান্তাং মহামন্ত্রী ; চ-কারান্তাং মহাদেবি।

৬। ভ-কারান্তাং তথা বামে ততো দক্ষিণপাদকে।

ক্ষ-কারান্তং ততঃ পশ্চাৎ ন্যসেদ্বৈ বামপাদকে।
ব্যাপকন্তু[১] ততঃ পশ্চাৎ মূলমন্ত্রেণ মন্ত্রবিৎ ॥ ৩৩
সপ্তধা ব্যাপকং কুর্য্যাৎ মূলমন্ত্রেণ সাধকঃ।
ততঃ স্ত্রীবেশধারী স্যাৎ সিন্দুরাঙ্কিতভালকঃ ॥ ৩৪
শৃঙ্গারোজ্জ্বলবেশাঢ্য-স্তাম্বুলপূরিতাননঃ।
এবং বেশাদিকং কৃত্বা[২] বনিতামপি কারয়েৎ ॥ ৩৫
পীঠন্যাসং ততঃ পশ্চাৎ[৩] আধারশক্তিপূর্ব্বকম্।
প্রকৃতিং কমঠঞ্চৈব শেষং পৃথ্বীং তথৈব চ[৪] ॥ ৩৬
সুধাসিন্ধুমণিদ্বীপং চিন্তামণিগৃহং তথা।
শ্মশানং পারিজাতঞ্চ তন্মূলে রত্নবেদিকাম্ ॥ ৩৭
তস্যোপরি মণেঃ পীঠং ন্যসেৎ সাধকসত্তমঃ।
চতুর্দ্দিক্ষু মুনীন্ দেবান্ শিবাংশ্চ শবমুণ্ডকান্ ॥ ৩৮
ধর্ম্মাংশ্চৈব অধর্শ্চৈব[৫] পাদগাত্রচতুষ্টয়ে।
হৃদি শেষং তথা পদ্মং সূর্য্যং সোমং মহেশ্বরি ॥ ৩৯

---

তৎপর বামভুজে ট-কারান্ত [ পাঠান্তরমতে ঢ-কার, দ্ব-কার বা চ-কারান্ত] মাতৃকাবর্ণ ন্যাস করিবে। তৎপর দক্ষিণপদে ভ-কারান্ত মাতৃকাবর্ণ এবং বাম পদে ক্ষ-কারান্ত মাতৃকাবর্ণ ন্যাস করিবে। তৎপর মূল মন্ত্র দ্বারা সর্ব্বাঙ্গে ব্যাপকন্যাস করিবে। ৩২-৩৩

মূলমন্ত্রের দ্বারা সাতবার ব্যাপকন্যাস করিবে। তৎপর স্ত্রীবেশ ধারণ করিয়া ললাটদেশ সিন্দুরাঙ্কিত করতঃ তাম্বুলপূরিত মুখে শৃঙ্গারোজ্জ্বলবেশ পরিধান করিয়া বনিতা কর্ম্ম সম্পাদন করিবে। ৩৪-৩৫

তৎপর পীঠন্যাস করিবে। তৎপর যথাক্রমে আধারশক্তি, প্রকৃতি, কমঠ, শেষ, পৃথ্বী, সুধাসিন্ধু, মণিদ্বীপ, চিন্তামণিগৃহ, শ্মশান, পারিজাত, তন্মূলস্থিত-রত্নবেদিকা এবং ঐ বেদিকার উপরিস্থিত মণিপীঠে সাধকসত্তম ন্যাস করিবে। তৎপর চতুর্দ্দিকে মুনিগণ, দেবগণ, শিবাসমূহ এবং শবমুণ্ডসমূহকে ন্যাস করিবে। ৩৬-৩৮

---

১। ব্যাপকানি। ২। সর্ব্বং। ৩। কুর্য্যাৎ।
৪। প্রকৃতিং কমঠং শেষং পৃথিবীঞ্চ ততঃ পরম্। ৫। ধর্ম্মাদীংশ্চৈবাধর্ম্মাংশ্চ।

বৈশ্বানরং তথা সত্ত্বং রজশ্চৈব তমস্তথা।
আত্মানং চৈব বিন্যস্য শক্তি[১]-কৃৎ পদ্মকেশরে ॥ ৪০
ইচ্ছাজ্ঞানক্রিয়াশ্চৈব কামিনী কামদায়িনী।
রতিরতিপ্রিয়ানন্দা কর্ণিকায়াং মনোন্ময়ী ॥ ৪১
বাগ্‌ভবং প্রথমং চোক্ত্বা পরায়ৈ তদনন্তরম্।
অপরায়ৈ বিরূপায়ৈ হেসৌঃ বাচ্যমতঃপরম্ ॥ ৪২
সদাশিব মহাপ্রেত ঙেন্তং পদ্মাসনং তথা।
নম ইত্যন্ত[২]-মন্ত্রোঽয়ং পীঠন্যাসমুদাহৃতঃ ॥ ৪৩
এবং দেহময়ে পীঠে চিন্তয়েদিষ্টদেবতাম্।
ঘোরদংষ্ট্রাং করালাস্যাং ললজিহ্বাং চতুর্ভুজাম্ ॥ ৪৪
সদ্যশ্ছিন্ন-শিরঃ-খড়্গ-বামাধঃ ঊর্দ্ধ[৩]করাম্বুজাম্।
অভয়ং বরদঞ্চৈব দক্ষিণোর্দ্ধাধঃ-পাণিকাম্ ॥ ৪৫

---

তৎপর পাদদ্বয়ে এবং সর্ব্বাঙ্গে যথাক্রমে অধর্ম্ম ও ধর্ম্মকে ন্যাস করিবে। হে মহেশ্বরি। তৎপর হৃদয়ে শেষ, পদ্ম, সূর্য্য এবং সোমকে ন্যাস করিবে। ৩৯

তৎপর যথাক্রমে বৈশ্বানর, সত্ত্ব, রজ, তম ও আত্মাকে ন্যাস করিয়া পদ্ম-কেশরে তাহাদিগকে শক্তিপূর্ণ করিবে। ৪০

তৎপর যথাক্রমে ইচ্ছা, জ্ঞান, ক্রিয়া, কামিনী, কামদায়িনী, রতি, রতিপ্রিয়া, নন্দা ও মনোন্ময়ী—ইহাদিগকে কর্ণিকায় ন্যাস করিবে। ৪১

ঐং পরায়ৈ অপরায়ৈ বিরূপায়ৈ হেসৌঃ সদাশিবায় মহাপ্রেতায় পদ্মাসনায় নমঃ। —ইহা পীঠন্যাসমন্ত্র। ৪২

এইরূপে পীঠন্যাস সম্পন্ন করিয়া সাধক স্বীয়দেহময় পীঠে নিম্নোক্তরূপে ইষ্ট দেবতাকে ধ্যান করিবে। ৪৩

দেবী ঘোরদংষ্ট্রা, করালবদনা, লোলজিহ্বা, চতুর্ভুজ। দেবী, বাম দিকের ঊর্দ্ধে এবং অধঃ হস্তে যথাক্রমে খড়্গ এবং সদ্যশ্ছিন্ন নরমুণ্ড, এবং দক্ষিণ দিকের ঊর্দ্ধহস্তে অভয় মুদ্রা [ মতান্তরে অভয় ] এবং নিম্নহস্তে বরমুদ্রা [ মতান্তরে বর ] ধারণ করিয়া আছেন। ৪৪-৪৫

---

১। শক্তিং : পঙ্‌ক্তি। ২। নম ইত্যেব।
৩। বামোর্দ্ধাধঃ : বামাদূর্দ্ধ ; বামাদোর্দ্ধ।

নীলমেঘপ্রভাং তন্বীং ঘোররূপাং দিগম্বরীম্[১]।
কুণ্ঠাবসক্তমুণ্ডানী গলদ্রুধিরচর্চ্চিতাম্ ॥ ৪৬
কর্ণাবতংসতা[২]-নীতশবযুগ্ম[৩]-ভয়ানকাম্।
বালার্কমণ্ডলাকার-লোচনত্রিতয়ান্বিতাম্[৪] ॥ ৪৭
সৃক্কদ্বয়-গলদ্রক্তধারাবিস্ফূরিতাননাম্।
মুক্তকেশীং স্মিতমুখীং শ্মশানালয়বাসিনীম্ ॥ ৪৮
শবানাং করসংঘাতৈঃ কৃতকাঞ্চীং হসন্মুখীম্।
শবরূপ মহাদেব হৃদয়োপরি সংস্থিতাম্ ॥ ৪৯
মহাকালেন রত্যর্থমুপবিষ্ঠাং স্মরাতুরাম্।
শিবাভির্ঘোররাবাভিঃ চতুর্দ্দিক্ষু সমন্বিতাম্ ॥ ৫০
অতিপ্রসন্নবদনাং স্মেরাননসরোরুহাম্।
এনাস্ত মানসৈর্ভোগৈ-র্গন্ধপুষ্পৈঃ সদীপকৈঃ ॥ ৫১

দেবী নীলমেঘপ্রভা, তন্বী, ঘোররূপা ও দিগম্বরী। তাঁহার কণ্ঠে রুধির-স্রবণশীল গ্রথিত নরমুণ্ড মাল্য দোদুল্যমান। ৪৬

প্রাতঃসূর্য্যের ন্যায় মণ্ডলাকার তাঁহার তিনটি চক্ষু। তাঁহার উভয় ওষ্ঠ প্রান্ত হইতে বিস্ফুরিত রক্ত বিগলিত ধারায় প্রবাহিত হইয়া মুখমণ্ডল প্লাবিত করিতেছে। দেবী মুক্তকেশী, স্মিতমুখী ও শ্মশানালয়বাসিনী। ৪৭-৪৮

শবহস্ত গ্রথিত কাঞ্চী দ্বারা তাঁহার কটিদেশ শোভিত। দেবী হাস্যমুখে শবরূপ মহাদেবের হৃদয়োপরি অবস্থান করিতেছেন। ৪৯

মহাকালের সহিত রতির নিমিত্ত তিনি কামার্ত্তা হইয়া শিবের হৃদয়োপরি উপবিষ্টা। তাঁহার চতুর্দ্দিকে ঘোররাবা শিবাকুল বিদ্যমান রহিয়াছে। ৫০

তাঁহার বদনকমল স্মিতহাস্যমণ্ডিত এবং অতিশয় সুপ্রসন্ন। এইরূপ দেবীকে মানস উপচারে ভোগ, গন্ধ পুষ্প, দীপ প্রদান করতঃ মানস উপচারে

১। দিগম্বরাং। ২। শতা। ৩। শবমুখ।
৪। ত্রয়ভূষিতাং।

স্বুরয়া বলিরক্তৈশ্চ[১] পূজয়েচ্চ[২] যথাবিধি।
ততো বৈ মানসং জাপং কুর্য্যাদ্ধোমাদিকং ততঃ[৩] ॥ ৫২
নমস্কৃত্য তথা স্তুত্বা বহির্যাগমথাচরেৎ[৪] ॥ ৫৩

ইতি কুমারীতন্ত্রে অন্তর্যাগবিধির্নাম দ্বিতীয়ঃ পটলঃ।

---

সুরা দ্বারা বলি এবং রক্ত দ্বারা যথাবিধি অর্চ্চনা করিবে। তৎপর মানস জপ এবং মানস হোম করিবে। ৫১-৫২

তৎপর দেবীকে নমস্কার করিয়া তাঁহার স্তব পাঠ করিবে। তদনন্তর বহির্যাগ সম্পন্ন করিবে। ৫৩

কুমারীতন্ত্রে অন্তর্যাগবিধি নামক দ্বিতীয় পটল সমাপ্ত। ২

---

১। যুক্তৈশ্চ। ২। পূজয়েৎ বৈ। ৩। কুর্য্যাদ্ধোমাদিমেব চ।
৪। সমাচরেৎ।

## তৃতীয়ঃ পটলঃ

[ কালিকাযন্ত্রঃ বাহ্যপূজাকথনঞ্চ । ]

ভৈরবোবাচ—

অথ বক্ষ্যে মহাযন্ত্রং[১] সমস্তপুরুষার্থদম্ ।
যস্য বিজ্ঞানমাত্রেণ সদ্যঃ খেচরতাং ব্রজেৎ ॥ ১
আদৌ ত্রিকোণং বিন্যস্য ত্রিকোণং তদ্বহির্ন্যসেৎ ।
বহিস্ত্রিকোণমালিখ্য ষট্‌কোণন্তু[২] লিখেদ্বহিঃ ॥ ২
মধ্যে তু বৈন্দবং চক্রং মায়াবীজবিভূষিতম্ ।
ষট্‌কোণান্তে[৩] বহির্বৃত্তং ততোঽষ্টদলমালিখেৎ[৪] ॥ ৩
বহির্বৃত্তেন সংবেষ্ট্য[৫] ভূপুরেনৈক[৬]-সংযুক্তম্ ।
জ্ঞাত্বৈবং মুক্তিমাপ্নোতি যন্ত্রমেতন্ন সংশয়ঃ ॥ ৪
এতত্তু বিলিখেৎ তাম্রে কুণ্ডগোল-বিলেপিতে ।
স্বয়ম্ভুকুসুমৈ র্যুক্তে কুঙ্কুমাগুরুসেবিতে ॥ ৫

---

[ কালিকা যন্ত্র এবং বাহ্য পূজাবিধি কথিত হইতেছে ॥ ]

ভৈরব কহিলেন—আমি সমস্ত পুরুষার্থপ্রদায়ক মহাযন্ত্রাঙ্কন বিধি বলিতেছি। এই যন্ত্রবিধি সম্বন্ধে বিশেষ জ্ঞান লাভমাত্রই সাধক আকাশ-পথে গমনাগমনের ক্ষমতা লাভ করে। ১

প্রথমে একটি অধোমুখ ত্রিকোণ অঙ্কিত করিয়া তৎপর তাহার বহির্ভাগে একটি ঊর্দ্ধমুখ ত্রিকোণ অঙ্কিত করিবে। তৎপর প্রথমোক্ত ত্রিভুজ মধ্যে বিন্দু-চক্র অঙ্কিত করিয়া, ঐ বিন্দুচক্র মধ্যে মায়াবীজ হ্রীং লিখিবে।

ষট্‌কোণের বহির্ভাগে বৃত্ত এবং বৃত্তের বহির্ভাগে অষ্টদল পদ্ম লিখিবে। ২-৩

ঐ পদ্মের বহির্ভাগে ভূপুর [ পাঠান্তরানুসারে ভূপুরদ্বয় ] অঙ্কিত করিবে। এইরূপভাবে এই যন্ত্র সম্বন্ধে জ্ঞানলাভ করিলে সাধক নিশ্চয়ই মুক্তিলাভ করে। ৪

কুণ্ডগোলোদ্ভব দ্রব্য, স্বয়ম্ভুকুসুম, কুঙ্কুম এবং অগুরু মিশ্রিত করিয়া তাম্র-পাত্রে এই যন্ত্র রচনা করিবে। ৫

---

১। ততো লিখেদ্‌মন্ত্ররাজং।
২। বহিস্ত্রিকোণকং পশ্চাৎ ষট্‌কোণন্তু।
৩। ষটকোণান্তু।
৪। দলকং লিখেৎ।
৫। সংযুক্তং।
৬। ভূপুরৈকেন ; ভূপুরদ্বয়।

শুদ্ধাসনে চ পশুভিরদৃষ্টে[1] পুরতো ন্যসেৎ।
ততোঽর্ঘং কারয়েন্মন্ত্রী তয়া নার্য্যা সুবেশয়া ॥ ৬
অর্ঘ্যদ্রব্যং অর্ঘ্যপাত্রে নিঃক্ষিপেৎ যত্নতঃ সুধীঃ।
কুণ্ডগোলোদ্ভবদ্রব্যং স্বয়ম্ভুকুসুমং তথা ॥ ৭
নাধর্ম্মো বিদ্যতে সুভ্রু* মহামন্ত্রস্য সাধনে[2]।
ততঃ পীঠক্রমেণৈব যন্ত্রপূজাং সমাচরেৎ[3] ॥ ৮
ততো হৃদয়পদ্মান্তে স্ফুরন্তীং বিদ্যুতাকৃতিম্[4]।
সুষুম্নাবর্ত্মনা নীত্বা শিবস্থানং মহেশ্বরীম্ ॥ ৯
ততো বৈ হৃদয়ে পদ্মে পুষ্পরাশৌ সমানয়েৎ।
নাসয়া দক্ষয়া দেবি বায়ুবীজেন মন্ত্রবিৎ ॥ ১০
দেবেশি ভক্তিসুলভে পরিবারসমন্বিতে।
যাবৎ ত্বাং পূজয়িষ্যামি তাবৎ ত্বং সুস্থিরা ভব[5] ॥ ১১

---

পশু-সাধক-দৃষ্টি বিরহিত স্থানে শুদ্ধাসনে উপবেশন করিয়া সর্ব্বাগ্রে ন্যাস করিবে। তৎপর মন্ত্রসাধক সুবেশা কুলশক্তির দ্বারা অর্ঘ্য প্রস্তুত করাইবে। ৬

সুধী সাধক তৎপর যত্নপূর্ব্বক অর্ঘ্যপাত্রে অর্ঘ্য নিক্ষেপ করিবে। কুণ্ড-গোলোদ্ভব-দ্রব্য এবং স্বয়ম্ভুকুসুমও ঐ অর্ঘ্যপাত্রে নিক্ষেপ করিবে। ৭

হে সুভ্রু! কালিকাদেবীর এই মহামন্ত্র [ পাঠান্তরানুযায়ী—মহাযন্ত্র ] সাধনে অধর্ম্ম কিছুই নাই। তৎপর পীঠক্রমানুযায়ী ( দ্বিতীয় পটলোক্ত ৩৬ হইতে ৩৮ শ্লোকের পীঠসমূহের নাম ক্রমানুসারে ) যন্ত্রে পীঠসমূহের পূজা করিবে। ৮

তৎপর স্ফুরণশীল বিদ্যুতাকৃতি কুলকুণ্ডলিনীকে হৃৎপদ্মে আনয়ন করিবে; তদন্তে হৃৎপদ্ম হইতে সুষুম্নাবর্ত্মে কুলকুণ্ডলিনীকে সহস্রারে উত্তোলন করিবে। তৎপর পুনরায় সহস্রার হইতে দক্ষিণ নাসিকায় বায়ুবীজ [ যং ] সংযোগে কুলকুণ্ডলিনীকে পুনরায় হৃৎপদ্মে পুষ্পরাশি মধ্যে আনয়ন করিবে। ৯-১০

---

১। পশুভিশ্চাদৃষ্টে, পশুভির্নদৃষ্টে। ২। মহাযন্ত্রস্য সাধনে। ৩। প্রকল্পয়েৎ। ৪। পরমেশ্বরীম্। ৫। তাবদ্দেবি ইহাবহ।

* সুভ্রূ—সু ( চারু, মনোহর, সুন্দর ) + ভ্রূ ( চক্ষুর উপরিস্থিত বঙ্কিম রেখায়িত রোমরাজি, ভুরু ) যাহার। সুন্দরি রমণী। সম্বোধনে 'সুভ্রু'।

ইত্যেনেন তু মন্ত্রেণ দেবীমাবাহয়েত্ততঃ।
আবাহ্য চ মহাদেবীং উপচারান্[১] নিবেদয়েৎ ॥ ১২
কালীং কপালিনীং কুল্লাং কুরুকুল্লাং বিরোধিনীম্।
বিপ্রচিত্তাং পূজয়েচ্চ বহিঃ ষট্‌কোণকে বুধঃ ॥ ১৩
উগ্রামুগ্রপ্রভাং দীপ্তাং তন্মধ্যে চ ত্রিকোণকে।
নীলাং ঘনাং বলাকাঞ্চ তস্য মধ্যে ত্রিকোণকে ॥ ১৪
মাত্রাং মুদ্রাং মিতাঞ্চৈব যজেদপরকোণকে[২]।
সর্ব্বাঃ শ্যামা অসিকরা মুণ্ডমালাবিভূষিতাঃ[৩] ॥ ১৫
তর্জ্জনীং বামহস্তেন ধারয়ন্ত্যঃ দিগম্বরাম্।
দেব্যাস্তু দক্ষিণে ভাগে মহাকালং সমর্চ্চয়েৎ ॥ ১৬
ব্রাহ্ম্যাদ্যাঃ পূজয়েৎ পত্রে পত্রাগ্রে ভৈরবান্[৪] যজেৎ।
লোকপালাংস্ততো বাহ্যে তদস্ত্রাণি চ[৫] তদ্বহিঃ ॥ ১৭

মূলে লিখিত ১১শ সংখ্যক শ্লোকোচ্চারণে দেবীর আবাহন করিবে। আবাহনান্তে কালিকাদেবীকে উপচারসমূহ নিবেদন করিবে। ১১-১২

কালী, কপালিনী, কুল্লা, কুরুকুল্লা, বিরোধিনী ও বিপ্রচিত্তা—এই ষড়্‌বিধ নামের একটি উচ্চারণক্রমে যন্ত্রের ষট্‌কোণে যথাক্রমে ইহাদের ছয় জনের পূজা করিবে। ১৩

তৎপর বহিস্থ ত্রিকোণে যথাক্রমে উগ্রা, উগ্রপ্রভা ও দীপ্তার পূজা করিবে। তদনন্তর মধ্যস্থিত ত্রিকোণে যথাক্রমে নীলা, ঘনা ও বলাকার পূজা করিবে। ১৪

তদনন্তর পুনরায় বহিঃস্থ ত্রিকোণে মাত্রা, মুদ্রা ও মিতার পূজা করিবে। তাহারা সকলে মুণ্ডমালাবিভূষিতা, শ্যামা, অসিকরা, বামহস্তে তর্জ্জনীমুদ্রা-ধারিণী ও দিগম্বরী। কালিকার ধ্যান করতঃ তাঁহার দক্ষিণদিকে [ ডান পার্শ্বে ] মহাকালের পূজা করিবে। ১৫-১৬

তৎপর অষ্টদলপত্রের অষ্টপত্রে যথাক্রমে ব্রাহ্মী, বৈষ্ণবী প্রভৃতি অষ্টশক্তিকে পূজা করিয়া, ঐ সকল পত্রের অগ্রভাগে এক-একজন ক্রমে

১। আবাহ্য দেবীং তদ্বিন্দাবুপচারাক্রমেণ চ।
২। তথাপর ত্রিকোণকে, পূজয়েদপরাত্রিকে।
৩। বিভূষণাঃ।
৪। ভৈরবং।
৫। তু।

ততো নীরাজনং কুর্যাৎ দশধা ভ্রাম্য দীপকৈঃ[১] ।
অষ্টোত্তরং সহস্রং বৈ জপং কুর্য্যাৎ সমাহিতঃ ॥ ১৮
গুহ্যাতিগুহ্যমন্ত্রেণ দেব্যা হস্তে সমর্পয়েৎ ।
ততঃ স্তুত্বা নমস্কৃত্য কুর্য্যাৎ সম্ভোগমৈথুনম্[২] ॥ ১৯
দেবতাগ্রে তু সম্ভোগে দেবতাপ্রীণনং ভবেৎ ।
সম্ভোগং তু পুরস্কৃত্য দেবীং হৃদি বিসর্জ্জয়েৎ[৩] ॥ ২০
কৃতকৃত্যো ভবেন্মন্ত্রী নাত্র কার্য্যবিচারণা ॥ ২১

ইতি কুমারীতন্ত্রে বহির্যাগো নাম তৃতীয়ঃ পটলঃ ॥

---

অষ্টপত্রাগ্রে যথাক্রমে অষ্ট ভৈরবের পূজা করিবে। তৎপর পদ্মের বহির্ভাগে লোকপালগণের এবং তাহার বহির্ভাগে অস্ত্রসমূহের পূজা করিবে। ১৭

অতঃপর দেবীর সম্মুখে দশবার দীপ ভ্রামিত করিয়া (ঘুরাইয়া) অষ্টোত্তরসহস্র দেবীমন্ত্র জপ করিবে। ১৮

তৎপর গুহ্যাতিগুহ্য ইত্যাদি মন্ত্রোচ্চারণ সহকারে দেবীর হস্তে জপ সমর্পণ করিবে। তদন্তে দেবীর স্তব পাঠ করিয়া দেবীকে নমস্কার করিবে। তৎপর কুলশক্তির মৈথুনে প্রবৃত্ত হইবে। ১৯

দেবতার সম্মুখে কুলশক্তির সহিত রতিসম্ভোগ করিলে, তাহা দেবতার নিকট প্রীতিদায়ক হইয়া থাকে। রতিসম্ভোগ সমাপনান্তে দেবীকে স্বীয় হৃদয়ে বিসর্জ্জন করিবে। এইরূপে কার্য্য করিলে সাধক কৃতকৃতার্থ হইয়া থাকে। এতদ্বিষয়ে বিচার অনাবশ্যক। ২০-২১

কুমারীতন্ত্রে বহির্যাগ নামক তৃতীয় পটল সমাপ্ত ॥ ৩ ॥

---

১। দশধাস্ত প্রদীপকৈঃ ; দশরাত্রস্ত দীপকৈঃ।
২। তত স্তুত্বা নমস্কুর্য্যাৎ সম্ভোগমেলনং ততঃ।
৩। সম্ভোগং তু পুরস্কৃত্য দেবীং হৃদি বিসৃজ্য চ।

## চতুর্থঃ পটলঃ

[ কালিকাপূজোপচারঃ বলিকথনঞ্চ । ]

শ্রীদেব্যুবাচ—

দেবদেব মহাদেব সর্ব্বজ্ঞ পরমেশ্বর ।
কালিকায়াঃ প্রীতিকরানুপচারান্ বদস্ব মে ॥ ১

শ্রীভৈরব উবাচ—

প্রথমে তু সুরা[১] পূজ্যা গৌড়ী মাধ্বী তথৈব চ ।
পৈষ্ঠী দেব্যৈ তদভাবে অনুকল্পং* ভবেৎ প্রিয়ে[২] ॥ ২
নারিকেলোদকং কাংস্যে তাম্রপাত্রে স্থিতং মধু ।
গব্যঞ্চ তাম্রপাত্রস্থং সুরাতুল্যং ঘৃতং বিনা ॥ ৩
অন্যানি চ নৈবেদ্যানি সাধকানাং শৃণু প্রিয়ে ।
তাম্বুলঞ্চ সকর্পূরং নারিকেলং সশর্করম্ ॥ ৪

---

[ কালিকা পূজার নৈবেদ্যাদি উপচার ও বলি কথন । ]

পার্ব্বতী কহিলেন—হে দেবদেব মহাদেব ! আপনি সর্ব্বজ্ঞ ও পরমেশ্বর । কালিকাদেবীর প্রীতিকর পূজোপচারসমূহ আপনি আমার নিকট বর্ণনা করুন । ১

ভৈরব কহিলেন—হে প্রিয়ে ! প্রথমে সুরার অর্চ্চনা করিবে । দেবীকে গৌড়ী, [ গৌড়দেশ জাত ], মাধ্বী [ মধু হইতে উৎপন্ন ] এবং পৈষ্টী [ পিষ্টদ্রব্য হইতে প্রস্তুত ; ধেনোমদ ] সুরা দ্বারা অর্চ্চনা করিবে । এই সকল সুরার অভাবে অনুকল্প দ্রব্য প্রদান করিবে । [ পাঠান্তর বিধানানুসারে এই সকল সুরার অভাবে প্রচলিত দেশজাত সুরা দ্বারা দেবীর অর্চ্চনা করিবে ] । ২

কাংস্যপাত্রস্থিত নারিকেল-জল, তাম্রপাত্রস্থিত মধু, তাম্রপাত্রস্থিত গো-দুগ্ধ, ঘৃতসংযুক্ত না হইলে সুরাতুল্য গণ্য হয় । ৩

হে প্রিয়ে ! সাধকানুকুল অন্যান্য নৈবেদ্য বিবরণ শ্রবণ কর । কর্পূরসংযুক্ত

---

১ । সুধা ।

২ । পৈষ্টী চ তদভাবেন নাতিদেশিকতাং ভজেৎ । পৈষ্টীং তস্যা অভাবে চ নাতিদেশিকতাং ভজেৎ ॥

* অনুকল্প—অনু(হীন)+কল্প(মুখ্যবিধি, নিয়ম) অর্থাৎ মুখ্য নিয়মের বা রীতির পরিবর্ত্তন বা বিকল্প বস্তু ।

পায়সং সঘৃতঞ্চৈব আর্দ্রকং সগুড়ং তথা ।
সতণ্ডুলং তিলঞ্চৈব দধি চৈব সসৈন্ধবম্ ॥ ৫
জম্বীরং পনসঞ্চৈব আম্রং আম্রাতকং তথা ।
কদলীং তিন্তিড়ীঞ্চৈব শ্রীফলং ফলমুত্তমম্ ॥ ৬
করঞ্জ-বকুলং চৈব তাল-খর্জ্জুরমেব চ ।
অন্যানি চ সুগন্ধানি স্বাদুনি সুফলানি চ ॥ ৭
নরঃ শ্লাঘ্যতমো[১] মেষো মহিষঃ শশকস্তথা ।
শল্যকঃ শূকরশ্চৈব বলয়ঃ পরিকীর্ত্তিতঃ ॥ ৮
কৃষ্ণসারাদয়োঽপ্যন্যে দাতব্যা মন্ত্রবিত্তমৈঃ ।
এতেষাঞ্চৈব রক্তানি দেয়ানি পরমেশ্বরি ॥ ৯
জলং সুবাসিতং দেয়ং কুলক্ষালনমেব চ ।
প্রধানানি নৈবেদ্যানি কথিতানি ময়ানঘে[২] ।
যস্মিন্ সন্তুষ্যতে কালী কিমন্যৎ শ্রোতুমিচ্ছসি ॥ ১০
ইতি কুমারীতন্ত্রে নৈবেদ্যবিধিকথনে চতুর্থঃ পটলঃ ।

---

তাম্বুল, শর্করাসংযুক্ত নারিকেল, ঘৃতসংযুক্ত পায়স, আর্দ্রকসংযুক্ত গুড়, তণ্ডুলসংযুক্ত তিল, সৈন্ধবসংযুক্ত দধি, জম্বীর, কাঠাল, আম্র, আম্রাতক, (আমড়া) কদলী, তিন্তিড়ী, শ্রীফল, করঞ্জ, বকুল, তাল, খর্জ্জুর এবং অন্যান্য সমস্ত প্রকার স্বাদু ও সুগন্ধযুক্ত ফলই দেবীর নৈবেদ্যার্থে প্রদান করিবে। ৪-৭

[ পাঠান্তরানুসারে—নর, ছাগ, ] মেষ, মহিষ, শশক, শজারু, শূকর, বলয়, কৃষ্ণসার মৃগ প্রভৃতি পশু মন্ত্রসাধক বলিরূপে প্রদান করিবে। হে পরমেশ্বরি ! এই সকল পশুর রক্তও নৈবেদ্যরূপে প্রদান করিবে। ৮-৯

সুবাসিত জল এবং কুলাগার প্রক্ষালিত জলও নৈবেদ্যরূপে প্রদান করিবে। হে অনঘে। প্রধান নৈবেদ্য দ্রব্যসমূহ তোমার নিকট বর্ণনা করিলাম। এই সকল নৈবেদ্য দ্বারা কালিকা দেবী পরিতৃপ্ত হন। অন্য কোন বিষয় শ্রবণ করিতে ইচ্ছা কর, তাহা বল। ১০

কুমারীতন্ত্রে নৈবেদ্যবিধি-কথনে চতুর্থ পটল সমাপ্ত ॥ ৪

---

১। নরশ্ছাগো তথা।

২। অনঘ—ন[=অন(নাই)+অঘ(পাপ)] অর্থাৎ যাতে পাপ নাই, অর্থাৎ নিষ্পাপ, নির্ম্মল; পবিত্র।

## পঞ্চমঃ পটলঃ

[ পুরশ্চরণপদ্ধতিঃ তত্র জপবিধিশ্চ। ]

শ্রীদেব্যুবাচ—

ইদানীং শ্রোতুমিচ্ছামি পুরশ্চরণপদ্ধতিম্।
সাধনঞ্চ তথা পূর্ব্বমাচারঞ্চ বিশেষতঃ॥ ১

শ্রীভৈরব উবাচ—

সর্ব্বভূতহিতে যুক্তঃ সময়াচারপালকঃ[১]।
অনিত্যকর্ম্মসংত্যাগী নিত্যানুষ্ঠানতৎপরঃ॥ ২
লক্ষমেকং জপেদ্দিবাং হবিষ্যাশী দিবা শুচিঃ।
রাত্রৌ তাম্বুলপূরাস্যঃ[২] শয্যায়াং লক্ষমানতঃ[৩]॥ ৩
ততঃ সিদ্ধমনুর্মন্ত্রপ্রয়োগার্হো ন চান্যথা।
এবং লক্ষদ্বয়ং জপ্ত্বা তদ্দশাংশেন মন্ত্রবিৎ॥ ৪
লতাং পুষ্পান্বিতাং* কৃত্বা পর্ণানাং শতকঃ সুধীঃ।
অদ্বৈতাং[৪] হোময়েত্তানি[৫] দিবারাত্রি-বিভেদতঃ॥ ৫

[ পুরশ্চরণ পদ্ধতি ও পুরশ্চরণ জপবিধি ]

দেবী কহিলেন—অধুনা আমি মন্ত্রসাধন এবং মন্ত্র সাধনের পূর্ব্ববর্ত্তী পুরশ্চরণ পদ্ধতি বা পূর্ব্বাচার শ্রবণ করিতে ইচ্ছা করি। ১

ভৈরব কহিলেন—সর্ব্বভূতহিতে রত, সময়াচার-পালক, অনিত্য কর্ম্মত্যাগী, এবং নিত্যানুষ্ঠান-তৎপর সাধক দিবাভাগে শুচিশুদ্ধ অবস্থায় হবিষ্যাশী হইয়া একলক্ষ মন্ত্র জপ করিবে। রাত্রিকালেও মুখে তাম্বুল চর্ব্বণ করতঃ শয্যাসীন হইয়া একলক্ষ মন্ত্র জপ করিবে। ২-৩

এইরূপে কার্য্য করিলে মন্ত্র ব্যবহারিক প্রয়োগের উপযুক্ত হয়, কখনও ইহার অন্যথা হয় না। উক্তরূপে দুই লক্ষ মন্ত্রজপ সম্পন্ন করিয়া, তাহার দশমাংশ এবং অষ্টোত্তরশত সংখ্যক মন্ত্র পুষ্পান্বিত লতা* গ্রহণে যথাক্রমে

১। পারগঃ। ২। পূরাস্যে। ৩। লক্ষমেবচ।
৪। অদ্ভুতং; অদ্বৈতং; দ্বৈতং বৈ; হুতং বৈ। ৫। হোময়েন্নিত্যং।
* পুষ্পান্বিতা লতা—রজঃস্বলা কুলস্ত্রী।

নারীকুলক্ষালনেন তদ্দশাংশেন[১] তর্পয়েৎ।
তৎক্ষালন[২]-জলেনৈব দশাংশমভিসিচয়েৎ[৩] ॥ ৬
বিপ্রাণাং তদ্দশাংশেন ভোজনং সমুদাহৃতম্।
সর্ব্বং নিয়মতঃ কুর্য্যাদ্ দিবারাত্রি-বিভেদতঃ ॥ ৭
অনেন ক্রমযোগেন যশ্চ কুর্যাৎ পুরস্ক্রিয়াম্।
ন তস্য দুর্লভং কিঞ্চিৎ ত্রিষু লোকেষু বিদ্যতে ॥ ৮
বৃহস্পতিসমো বাগ্মী ভৃগুতুল্যো ভবেৎ কবিঃ।
ধনেন ধননাথঃ স্যাৎ[৪] তেজসা ভাস্করোপমঃ ॥ ৯
প্রিয়েঽথ সাধনং বক্ষ্যে যদ্ হোমাদরো[৫] ভবেৎ।
শ্মশানে হোময়েদাজ্যং রক্তং মাংসং নখং তিলম্ ॥ ১০
অযুতৈকপ্রমাণেন লভতে সিদ্ধিমুত্তমাম্।
শ্মশানে রক্তধারাভি র্মজ্জাভিস্তর্পয়েচ্ছিবাম্ ॥ ১১
মেষ-মহিষরক্তেন নররক্তেন চৈব হি।
মূষা-মার্জ্জাররক্তেন তর্পয়েৎ পরদেবতাম্ ॥ ১২

---

দিবা ও রাত্রিভাগে জপ করিবে। তৎপর দিবারাত্রি নির্ব্বিশেষে, সাধক কালিকা দেবীর হোম করিবে। ৪-৫

তৎপর কুলস্ত্রীর কুলাগার-প্রক্ষালিত-সলিল দ্বারা হোমের দশাংশ সংখ্যায় তর্পণ করিবে। তৎপর উক্ত কুলাগার প্রক্ষালিত সলিল দ্বারা তর্পণের দশাংশ সংখ্যায় অভিষেক করিবে। ৬

তৎপর অভিষেকের দশাংশ সংখ্যায় ব্রাহ্মণ ভোজন করাইবে। দিবা-রাত্রি বিভেদক্রমে উক্ত কার্য্যসমূহ যথানিয়মে সম্পন্ন করিবে। ৭

উক্ত প্রকারে যে-ব্যক্তি ক্রমানুসারে (যথারীতি, নিয়মানুযায়ী) উক্ত কার্য্যসমূহ সম্পন্ন করে, তাহার পক্ষে ত্রিভুবনে কিছুই দুর্লভ থাকে না। ৮

সে ব্যক্তি বৃহস্পতির ন্যায় বাগ্মী, ভৃগুর ন্যায় কবি, কুবেরের ন্যায় ধনাঢ্য এবং সূর্য্যের ন্যায় তেজস্বী হইয়া থাকে। ৯

হে প্রিয়ে! যে মন্ত্র দ্বারা হোম করিলে সাধক অমরত্ব লাভ করে, আমি সেই সাধন বলিতেছি। ঘৃত, রক্ত, মাংস, নখ ও তিল দ্বারা কালিকামন্ত্রে

---

১। তদ্দশাংশন্তু। ২। তৎক্ষালনা। ৩। তৎক্ষালনতোয়েন তদ্দশাংশ-মভিসেচনং।
৪। স। ৫। যদ্ হোমহি জয়ো; যদ্ধোমাচ্চ জয়ো।

কবির্ভবতি বাগ্মীকঃ সর্ব্বসিদ্ধি-নমস্কৃতঃ।
অযুতৈকপ্রমাণেন তর্পণং পরিকীর্ত্তয়েৎ[১] ॥ ১৩
পুষ্পিতায়াঃ কুলাগারং দৃষ্ট্বা জপতি যো নরঃ।
অযুতৈকপ্রমাণেন সাধকঃ স্থিরমানসঃ॥ ১৪
কেবলং গুপ্তভাবেন স তু বিদ্যানিধি র্ভবেৎ।
সংস্কৃতাঃ প্রাকৃতাঃ শব্দা বৈদিকা লৌকিকাস্তথা॥ ১৫
বশমায়ান্তি তে সর্ব্বে সাধকস্য ন চান্যথা।
মুক্তকেশো হবিষ্যাশী প্রজপ্যাদযুতং নরঃ॥ ১৬
নগ্নাং পরস্ত্রিয়ং দৃষ্ট্বা প্রজপেৎ স্থিরমানসঃ।
তস্যালোকনমাত্রেণ বাদিনো নিষ্প্রভা মতাঃ॥ ১৭
রাজানোঽপি চ দাসত্বং ভজন্তে কিং পরে জনাঃ।
ধনকামস্তু[২] যো বিদ্বান্ মহদৈশ্বর্য্যকামুকঃ[৩] ॥ ১৮

---

শ্মশানে দশ সহস্র সংখ্যক হোম করিলে উত্তম সিদ্ধি লাভ হয়। শ্মশানে রক্ত-ধারা ও মজ্জা দ্বারা কালিকার তর্পণ করিবে। মেষ, মহিষ, মূষিক বা মার্জ্জার রক্তদ্বারা কালিকার তর্পণ করিবে। ১০-১২

এইরূপে হোম ও তর্পণ করিলে সাধক কবি ও বাগ্মী হয় এবং সর্ব্বসিদ্ধি লাভ করে। দশ সহস্র সংখ্যক তর্পণ করিবে। ১৩

সাধক স্থিরচিত্তে পুষ্পিতা কুলস্ত্রীর কুলাগার দর্শন করিয়া দশসহস্র সংখ্যক কালিকা মন্ত্র গুপ্তভাবে জপ করিলে সে ব্যক্তি বিদ্যানিধি হয়। সংস্কৃত, প্রাকৃত, বৈদিক ও লৌকিক প্রভৃতি সমস্ত ভাষাই সে সাধকের আয়ত্তাধীন হয়। ইহার অন্যথা কখনও হয় না। হবিষ্যাশী হইয়া মুক্তকেশে অযুত সংখ্যায় মন্ত্র জপ করিবে। ১৩-১৬

জপকালে নগ্না পরকীয়া কুলস্ত্রী দর্শন করিয়া জপ করিবে। যে সাধক উক্তবিধি অনুসারে মন্ত্র জপ করে তাহাকে দর্শনমাত্রই তাহার প্রতিপক্ষগণ তেজহীন হইয়া থাকে। ১৭

এমন কি রাজাও সেই সাধককে দাসরূপে ভজনা করে, অন্য সাধারণ লোকের সম্বন্ধে আর কথা কি? যে ব্যক্তি ধনকামী, যে ব্যক্তি বিদ্বান বা যে ব্যক্তি মহা ঐশ্বর্য্য কামনা করে সকলেই এই মন্ত্র সাধনায় তত্তৎ কাম্যবস্তু প্রাপ্ত হয়। ১৮

---

১। পরিকীর্ত্তিতং। ২। ধনকামাশ্চ। ৩। মেব চ।

বৃহস্পতিসমো যস্তু ভবিতুং[১] কাময়েন্নরঃ।
সর্ব্বো বৃহস্পতিসমো ভবেচ্চৈব ন সংশয়ঃ॥ ১৯
সুন্দরীং যৌবনোন্মত্তাং নারীমানীয় নিত্যশঃ।
অষ্টোত্তরশতং জপ্ত্বা কুলমামন্ত্র্য মন্ত্রবিৎ॥ ২০
মৈথুনং যঃ করোত্যেব স তু সর্ব্বং ফলং লভেৎ।
তন্মুখে চ মুখং চ দত্ত্বা সহস্রং মানসং জপেৎ[২]॥ ২১
স ভবেৎ সর্ব্বসিদ্ধিদো নাত্র কার্য্যবিচারণা।
সর্ব্বেষাং সাধনাং[৩] মধ্যে শ্রেষ্ঠঃ স্যাৎ কুলসাধনম্॥ ২২
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন সাধয়েৎ সুসমাহিতঃ॥ ২৩

ইতি কুমারীতন্ত্রে জপপুরশ্চরণবিধির্নাম পঞ্চমঃ পটলঃ।

---

যে ব্যক্তি বৃহস্পতি তুল্য জ্ঞানবান হইতে ইচ্ছা করে, সে ব্যক্তি এই সাধনা-প্রভাবে বৃহস্পতিতুল্য জ্ঞানবান হইয়া থাকে, এতদ্বিষয়ে কোন সন্দেহ নাই। ১৯

প্রত্যহ সুন্দরী যৌবনোন্মত্তা কুলযুবতী আনয়নপূর্ব্বক প্রথমে কুলাগার অভিমন্ত্রিত করিবে। তৎপর মন্ত্রজ্ঞ সাধক অষ্টোত্তর শতবার কালিকামন্ত্র জপ করিয়া ঐ কুলস্ত্রীর সহিত মৈথুনে প্রবৃত্ত হইবে। এইরূপে কুলস্ত্রীর সহিত রতিক্রিয়া সম্পন্ন করিলে সাধক পূর্ণফল লাভ করিয়া থাকে।

রতিকালে কুলযুবতীর মুখে মুখ প্রদান করিয়া এক-সহস্র সংখ্যক মানস জপ করিবে। ২০-২১

যে ব্যক্তি এইরূপে কার্য্য করে সে সর্ব্বসিদ্ধিদাতা হইয়া থাকে। এতদ্বিষয়ে বিচার বিতর্ক অনাবশ্যক। সর্ব্বপ্রকার সাধন পদ্ধতির মধ্যে কুলাচারমতে সাধনই সর্ব্বশ্রেষ্ঠ। সুতরাং সর্ব্বপ্রযত্নে অত্যন্ত একাগ্রতার সহিত কুলাচার পদ্ধতিতে সাধন করিবে। ২২-২৩

কুমারীতন্ত্রে জপপুরশ্চরণবিধি নাম পঞ্চম পটল সমাপ্ত॥ ৫

## ষষ্ঠঃ পটলঃ

[ কুলাচার-কথনম্ ]

শ্রীদেব্যুবাচ—

দেবদেব মহাদেব জগৎপ্রলয়কারকঃ[1] ॥
কুলাচারে তু মদ্যাদ্যৈঃ কথং সিদ্ধির্ভবেৎ প্রভো।
অধর্মকারণং[2] হ্যেতৎ সংশয়ং ছিন্দি মে প্রভো ॥ ১

শ্রীভৈরব উবাচ—

সাধু পৃষ্টো হি দেবেশি কথয়ামি শৃণুষ্ব মে।
পুরা দারুবনে রম্যে মুনয়ো রাগমোহিতাঃ ॥ ২
পরস্ত্রিয়ং ধর্ষয়ন্তি মদ্যং পিবন্তি নিত্যশঃ।
তদ্দৃষ্ট্বানুচিতং কর্ম্ম বিষ্ণুর্মাং সমুপস্থিতঃ ॥ ৩
দেবদেব মহাদেব সৃষ্টিস্থিতিলয়াত্মকঃ।
প্রভো দারুবনে পাপা মদ্যপানরতাস্তথা ॥ ৪

[ কুলাচার কথন ; কালিকা গায়ত্রী ; মদ্যশোধন মন্ত্র ; নয় প্রকার কুলকন্যা ; কুলাচার পদ্ধতিতে পূজা ও মন্ত্র ]

দেবী কহিলেন—হে দেবদেব মহাদেব! আপনি জগৎ প্রলয়কারক। হে প্রভু! কুলাচারবিধি-নির্দ্দিষ্ট মদ্যাদি পঞ্চমকার অধর্ম্ম অর্থাৎ পাপ সৃষ্টির কারণ। সুতরাং তৎসমুদয় কিরূপে মন্ত্রসিদ্ধি-প্রদায়ক হইতে পারে তাহা প্রকাশ করিয়া আপনি আমার সন্দেহ দূর করুন। ১

ভৈরব কহিলেন—হে দেবেশি! তুমি অতি উত্তম প্রশ্ন করিয়াছ। আমি তোমার প্রশ্নের উত্তর দিতেছি, শ্রবণ কর। পুরাকালে মুনিগণ কামমোহিত চিত্তে রম্য দারুবনে নিয়ত মদ্যপান এবং পরস্ত্রী ধর্ষণকার্য্যে ব্যাপৃত ছিল। মুনিগণের এই সকল অন্যায় কার্য্য দর্শন করিয়া, বিষ্ণু আমার নিকট আসিয়া উপস্থিত হন। ২-৩

তখন বিষ্ণু আমাকে বলিতে লাগিলেন, হে দেবদেব মহাদেব! আপনি সৃষ্টি স্থিতি এবং লয়ের কর্ত্তা। হে প্রভো! দারুবনে কামমোহিত মদ্যপায়ী

১। দেবদেব মহাভাগ প্রলয়স্থিতিকারকঃ। ২। কারকং।

পরস্ত্রিয়ং ধর্ষয়ন্তি মুনয়ো রাগমোহিতাঃ।
দিগম্বরাশ্চ মত্তাশ্চ কিং গতিশ্চ[১] ভবিষ্যতি ॥ ৫
ইতি বিষ্ণুবচঃ শ্রুত্বা তমবাদমহং[২] প্রিয়ে।
কালিকায়া মহাবিদ্যা অনিরুদ্ধঃ সরস্বতী ॥ ৬
বিদ্যারাজ্ঞীতি সা প্রোক্তা এতন্মন্ত্রপ্রজপকাঃ।
পরং মুক্তা ভবিষ্যন্তি তদ্‌গায়ত্রীং জপন্তি চ ॥ ৭
কালিকায়াঃ[৩] প্রভাবেন সর্ব্বে দেবা বিমোহিতাঃ।
ভ্রূণহত্যা-মাতৃবধাৎ পরশুরামো বিমোচিতঃ[৪] ॥ ৮
দত্তাত্রেয়শ্চ ত্রিপুরঃ সুরাপানাদ্বিমোচিতঃ[৫]।
ব্রহ্মহত্যা-শিরচ্ছেদাদহং রুদ্রোঽপি মোচিতঃ[৬] ॥ ৯
গৌতমস্ত্রীধর্ষণাচ্চ দেবেন্দ্রোঽপি বিমোচিতঃ।
কন্যায়া ধর্ষণাদ্বাপি ব্রহ্মাবাচং বিমোচিতঃ ॥ ১০
চাণ্ডালীগমনাদ্বাপি বশিষ্ঠোঽপি বিমোচিতঃ।
রাবণস্য বধাচ্চাপি রামচন্দ্রো বিমোচিতঃ ॥ ১১

---

পাপাত্মা দিগম্বর ও পানমত্ত মুনিগণ পরস্ত্রী ধর্ষণ করিতেছে। ইহাদের কি গতি হইবে। ৪-৫

হে প্রিয়ে! তৎকালে বিষ্ণুর এই কথা শুনিয়া আমি কহিলাম, কালিকা-নামক যে মহামন্ত্র এবং অনিরুদ্ধ যাহার সরস্বতী, যাহা মন্ত্রসমূহের মধ্যে শ্রেষ্ঠ—এই সকল মুনিগণ সেই মহামন্ত্র জপ করে। সেই কালিকা গায়ত্রী জপ করিয়া ইহারা সকলেই শ্রেষ্ঠ মুক্তি লাভ করিবে। ৬-৭

কালিকাদেবীর প্রভাবে দেবতারাও বিমোহিত হইয়া থাকেন। কালিকা-দেবীর প্রভাবে পরশুরাম ভ্রূণহত্যা ও মাতৃবধ পাপ হইতে মুক্ত হইয়াছিলেন। ৮

কালিকাদেবীর প্রভাবে দত্তাত্রেয় এবং ত্রিপুর সুরাপানের পাপ হইতে মুক্ত হইয়াছিলেন। আমি রুদ্রও স্বয়ং ব্রহ্মহত্যা বা ব্রহ্মার শিরচ্ছেদরূপ পাতক হইতে কালিকাদেবীর প্রভাবেই মুক্তিলাভ করিয়াছিলাম। ৯

সুরপতি ইন্দ্রও কালিকাদেবীর প্রভাবে গুরুপত্নী গৌতমীকে ধর্ষণজনিত পাপ হইতে মুক্ত হইয়াছিলেন এবং ব্রহ্মাও কন্যাধর্ষণহেতু পাপ হইতে, বশিষ্ঠ

---

১। গতির্ব্বা কিং। ২। তমুবাচমহং। ৩। এতস্যাস্তু। ৪। বিমোহিতঃ।
৫। বিমোহিতঃ। ৬। রুদ্রো বিমোহিতঃ।

তামেব শৃণু বক্ষ্যামি শ্রুত্বা গোপ্যা সদা বুধৈঃ।
কালিকায়ৈ পদং চোক্ত্বা[১] বিদ্মহে পদমেব চ ॥ ১২
তথা শ্মশানবাসিন্যৈ[২] ধীমহীতি ততঃ পরম্।
তন্নো ঘোরে পদঞ্চোক্ত্বা ততঃ পরং[৩] প্রচোদয়াৎ ॥ ১৩
এষা তু কালীগায়ত্রী দশধা জপ্তমানয়া।
ব্রহ্মহত্যাদয়ঃ পাপাঃ খণ্ডখণ্ডঞ্চ যান্তি হি ॥ ১৪
অনয়া সদৃশী বিদ্যা অনয়া সদৃশো জপঃ।
অনয়া সদৃশং জ্ঞানং ন ভূতং ন ভবিষ্যতি ॥ ১৫
অন্যচ্চ শৃণু দেবেশি যথা পানাদিকর্ম্মণি।
দোষো ন জায়তে দেবি মন্ত্রান্ শৃণু বরাননে ॥ ১৬
একমেব পরং ব্রহ্ম স্থূলসূক্ষ্মময়ং ধ্রুবম্।
কচোদ্ভবাং ব্রহ্মহত্যাং যেন তে নাশয়াম্যহম্ ॥ ১৭
সূর্য্যমণ্ডলসম্ভূতে বরুণালয়সম্ভবে।
অমাবীজময়ে দেবি শুক্রশাপাদ্বিমুচ্যতাম্ ॥ ১৮

---

চাণ্ডালীগমন পাপ হইতে এবং রামচন্দ্র রাবণবধজনিত হইতে পাপ বিমুক্ত হইয়াছিলেন। ১০-১১

জ্ঞানীগণ কর্ত্তৃক এই কালিকাসাধন সর্ব্বদা গোপনীয় হইলেও আমি তাহা তোমাকে বলিতেছি। কালিকায়ৈ বিদ্মহে, শ্মশানবাসিন্যৈ ধীমহি, তন্নো ঘোরে [ পাঠান্তরানুসারে তন্নঃ কালী ] প্রচোদয়াৎ। ইহা কালীগায়ত্রী। ১২-১৩

এই মন্ত্র দশবার জপ করিলে ব্রহ্মাহত্যাদি পাপও বিনাশপ্রাপ্ত হয়। ১৪

কালিকামন্ত্রের ন্যায় মন্ত্র বা জপ অতীতকালেও ছিল না এবং ভবিষ্যৎ কালেও হইবে না। ১৫

হে দেবেশি! মদ্যপানাদি কর্ম্মের বিধানান্তর শ্রবণ কর। যে মন্ত্রসহযোগে মদ্যপানাদি করিলে কোনরূপ প্রত্যবায়গ্রস্ত হইতে হয় না, হে দেবি, হে বরাননে! সেই মন্ত্র শ্রবণ কর। ১৬

মূলে ১৭, ১৮ এবং ১৯ এই তিন শ্লোকে তিনটি মন্ত্র প্রদত্ত হইয়াছে। উক্ত

---

১। কালিকাং ঙেং যুক্তাং প্রোক্তা। ২। বাসিনীং ঙেন্তাং। ৩। ততঃ কালী।

বেদানাং[১] প্রণবো বীজং ব্রহ্মানন্দময়ং যদি।
তেন সত্যেন তে দেবি ব্রহ্মহত্যাং ব্যাপোহতি ॥ ১৯
এবং মন্ত্রত্রয়েণৈব অভিমন্ত্র্য সুরাং শুভাম্।
প্রদদ্যাচ্চ কালিকায়ৈ ততো নৈবেদ্যমুৎসৃজেৎ ॥ ২০
ব্রাহ্মণস্তাম্রপাত্রে তু মধুমদ্যং প্রকল্পয়েৎ।
নটী কাপালিকা বেশ্যা রজকী-নাপিতাঙ্গনা ॥ ২১
ব্রাহ্মণী শূদ্রকন্যা চ তথা গোপালকন্যকা।
মালাকারস্য কন্যা চ নবকন্যা প্রকীর্ত্তিতাঃ ॥ ২২
এতাসু কাঞ্চিদানীয় ততস্তু যোনিমণ্ডলে।
পূজয়িত্বা মহাদেবীং ততো মৈথুনমাচরেৎ ॥ ২৩
ধর্ম্মাধর্ম্ম-হবির্দীপ্তে আত্মাগ্নৌ মনসা স্রুচা[২]।
সুষুম্নাবর্ত্মনা নিত্যমক্ষবৃত্তির্জুহোম্যহম্ ॥ ২৪
স্বাহান্তোঽয়ং মহামন্ত্র আরম্ভে পরিকীর্ত্তিতঃ[৩]।
ততো জপেন্মহাবিদ্যাং[৩] দেবীং ত্রিভুবনেশ্বরীম্ ॥ ২৫

---

শ্লোকত্রয় উচ্চারণ করতঃ সুরাকে অভিমন্ত্রিত করিবে। তৎপর তাহা কালিকা দেবীকে প্রদান করিবে। তৎপর কালিকা দেবীকে নৈবেদ্য প্রদান করিবে। ১৭-২০

ব্রাহ্মণ তাম্রপাত্রস্থিত মধুকেই মদ্যরূপে কল্পনা করিবে।

নটী, কাপালিকা, বেশ্যা, রজকী, নাপিতাঙ্গনা, ব্রাহ্মণী, শূদ্রকন্যা, গোপকন্যা এবং মালাকার কন্যা—ইহারা নবকন্যা বা গ্রহণীয়া কুলযুবতী বলিয়া কথিত হইয়া থাকে। ২১-২২

এই সকল কুলযুবতী মধ্যে অন্যতমা কুলযুবতী গ্রহণ করিয়া তাহার শক্তি-মণ্ডলে কালিকা দেবীর পূজা করিবে। তৎপর ঐ কুলযুবতীর সহিত মৈথুনে প্রবৃত্ত হইবে। ২৩

মৈথুনে প্রবৃত্ত হইবার পূর্ব্বে "ওঁ ধর্ম্মাধর্ম্ম হবির্দীপ্তে আত্মাগ্নৌ মনসা স্রুচা। সুষুম্নাবর্ত্মনা নিত্যমক্ষবৃত্তি র্জুহোম্যহং স্বাহা" এই মন্ত্র পাঠ করিবে। তৎপর রতি সংযোগকালে ত্রিভুবনেশ্বরী কালিকা দেবীর মন্ত্র জপ করিবে। ২৪-২৫

---

১। দেবানাং। ২। শ্রুচা। ৩। শুক্রত্যাগে প্রকীর্ত্তিতঃ।
৪। ততো জপেৎ স্ত্রিয়ং গচ্ছন্।

যোগকালে পঠেদ্দেবি ইমং মন্ত্রং মহেশ্বরি ।
প্রকাশাকাশ-হস্তাভ্যামবলোক্যোন্মনীশ্রুচা* ॥ ২৬
ধর্ম্মাধর্ম্মকলাস্নেহপূর্ণমগ্নৌ জুহোম্যহম্ ।
স্বাহান্তোঽয়ং ভবেন্মন্ত্রঃ[১] শুক্রত্যাগে প্রকীর্ত্তিতঃ[২] ॥ ২৭
এতৎ শ্রুত্বা চ বচনং বিষ্ণুরীশমভাষত ।
নমোঽস্তু তে মহেশায় সর্ব্বজ্ঞানস্বরূপিণে ॥ ২৮
তৎপ্রসাদান্মহাদেব সংশয়ো মে মহান্ গতঃ ।
অনুজানীহি দেবেশ গচ্ছামি চ যথাগতম্ ॥ ২৯
ততো ময়ানুজ্ঞাতঃ স প্রণম্য চ যথাবিধি ।
যযৌ স্বভবনং বিষ্ণুরেতত্তে কথিতং প্রিয়ে ॥ ৩০

ইতি কুমারীতন্ত্রে কুলাচার[৩] নাম ষষ্ঠঃ পটলঃ ।।

---

হে মহেশ্বরি! তৎপর শুক্রত্যাগ কালে 'ওঁ প্রকাশাকাশ হস্তাভ্যামবলোক্য নীশ্রুতা। ধর্ম্মাধর্ম্মকলাস্নেহপূর্ণমগ্নৌ জুহোম্যহং স্বাহা।' এই মন্ত্র জপ করিতে করিতে শুক্রত্যাগ করিবে। ২৬-২৭

ভগবান বিষ্ণু আমার এই সকল উক্তি শ্রবণ করিয়া কহিলেন—হে সর্ব্বজ্ঞানস্বরূপ মহেশ, আপনাকে নমস্কার। আপনার অনুগ্রহে আমার মহান সংশয় দূরীভূত হইয়াছে। হে দেবেশ! আপনি আজ্ঞা করুন, আমি যথাস্থানে গমন করি। ২৮-২৯

হে প্রিয়ে! তৎপর বিষ্ণু আমার আজ্ঞা লাভ করিয়া, আমাকে যথাবিধি নমস্কার করিয়া, স্বীয়ভবনে প্রস্থান করিলেন। তোমাকে এই বিষ্ণুবৃত্তান্ত কহিলাম। ৩০

কুমারীতন্ত্রে কুলাচার নামক ষষ্ঠ পটল সমাপ্ত ॥ ৬

---

* প্রকাশাকাশমন্ত্রাভ্যামবলম্ব্যোন্মনীশ্রুচা—ইতি পাঠান্তরম্।

১। পঠেন্মন্ত্রং। ২। সর্ব্বকামার্থসিদ্ধয়ে।

৩। বিদ্যামাহাত্ম্যং; বিদ্যামন্ত্রাখ্যাং।

# সপ্তমঃ পটলঃ

[ পূজাস্থাননির্ণয়ঃ ]

ভৈরব উবাচ—

অথ শ্রীমন্ত্ররাজস্য মহাত্ম্যং শৃণু পার্ব্বতি।
শ্রুতমাত্রেণ দেবেশি পরামুক্তিমবাপ্সসি ॥ ১
অশ্বমেধৈশ্চ গোমেধৈ র্নরমেধৈ[১] স্তথা পরৈঃ।
দানৈশ্চ বিবিধৈর্যাগৈ র্হোমৈ[২] র্নানাবিধৈস্তথা ॥ ২
অনেকপুণ্যসম্ভারৈ[৩] র্যদি সা প্রাপ্যতে পরা।
বিদ্যারাজ্ঞী ঘোরকালী অনিরুদ্ধঃ সরস্বতী ॥ ৩
জ্ঞাত্বৈব[৪] মুক্তিমাপ্নোতি কিং পুনঃ কথ্যতে পরম্।
অস্য জ্ঞানপ্রভাবেন সিদ্ধয়োঽষ্টৌ ভবন্তি হি ॥ ৪
মন্ত্রস্য জ্ঞানমাত্রেণ বিজয়ী ভুবি জায়তে।
যস্যালোকনমাত্রেণ বাদিনো নিষ্প্রভা মতাঃ ॥ ৫
রাজানোঽপি চ দাসত্বং ভবন্তি কিং পরে জনাঃ।
অগ্নেঃ শৈত্যং জলস্তম্ভং গতিস্তম্ভং বিবস্বতঃ ॥ ৬
দিবারাত্রিব্যত্যয়ঞ্চ স কর্ত্তুং ভবতি ক্ষমঃ।
বৃহস্পতিসমো বাগ্মী কবিত্বে ভার্গবোপমঃ ॥ ৭

---

[ কালিকাদেবীর পূজাস্থান নির্ণয় ]

ভৈরব কহিলেন—হে পার্ব্বতি! কালিকাদেবীর মন্ত্রমাহাত্ম্য শ্রবণ কর। এই মন্ত্র শ্রবণমাত্রই সাধক পরামুক্তি লাভ করে। ১

অশ্বমেধ, গোমেধ, নরমেধ প্রভৃতি যজ্ঞ, বিবিধপ্রকার যাগ, দান, হোম এবং পুঞ্জীভূত বহু পুণ্যপ্রভাবে যদি কালিকা দেবীর এই পরামন্ত্র লাভ হয়, তাহা হইলে মন্ত্রশ্রেষ্ঠ ঘোরকালী মন্ত্র এবং অনিরুদ্ধ সরস্বতীর জ্ঞান [ অর্থাৎ সিদ্ধি ] লাভমাত্রই মুক্তিলাভ হয়। অন্য আর কি বলিব? এই মন্ত্রের জ্ঞান [ অর্থাৎ মন্ত্রসিদ্ধি ] লাভ হইলে, সাধক অষ্টসিদ্ধি লাভ করে। ২-৪

এই মন্ত্রের জ্ঞান [ অর্থাৎ মন্ত্রসিদ্ধি] লাভমাত্রই সাধক পৃথিবীতে সর্ব্বত্র জয় লাভ করে এবং তাহার দর্শনমাত্রই তাহার বিপক্ষগণ নিষ্প্রভ হইয়া যায়। ৫

---

১। অগ্নিষ্টোমৈ। ২। দ্রব্যৈ। ৩। সদ্ভাবৈ। ৪। জ্ঞানৈকং।

ধনেন কুবেরঃ স স্যাৎ তেজসা ভাস্করোপমঃ।
বলে চ বায়ুসদৃশো বিষ্ণুতুল্যপরাক্রমঃ॥ ৮
ব্রহ্মহত্যা সুরাপানং স্তেয়ং গুর্ব্বঙ্গনাগমাঃ।
সদ্যো নির্দ্দোষমায়ান্তি মন্ত্রস্যাস্য প্রভাবতঃ॥ ৯
এতৎ সংক্ষেপতো বক্ষ্যে নাস্তি তস্য[১] সমোঽধুনা।
শৈবে সৌরে গাণপত্যে চাণ্ডালে বৈষ্ণবে তথা॥ ১০
নান্যদ্বিস্তারতো বক্তুং শক্যতে পরমেশ্বরি।
বক্ত্রকোটিসহস্রৈশ্চ জিহ্বাকোটিশতৈরপি ॥ ১১
বর্ণিতুং নৈব শক্নোমি বিদ্যেয়ং পরমা শুভা॥ ১২

দেব্যুবাচ—

পূজাবিধিরয়ং প্রোক্তঃ কুত্র বা পূজ্যতে শিবঃ।
কুত্র বা ধ্যায়তে[২] দেবী দেবদেব বদস্ব মে ॥ ১৩

---

রাজাও সেই মন্ত্রসিদ্ধ সাধকের দাসত্ব করে, অন্যলোকের আর কথা কি? সে ব্যক্তি অগ্নি, শৈত্য, জল, গতি এবং সূর্য্যকেও স্তম্ভিত করিতে পারে। সে ব্যক্তি দিবা রাত্রিরও ব্যতিক্রম করিতে সমর্থ হয়। সেই ব্যক্তি বৃহস্পতির ন্যায় বাগ্মী এবং শুক্রের ন্যায় কবিত্বশক্তি -সম্পন্ন, ধনে কুবের-তুল্য, তেজে সূর্য্যের ন্যায়, বলে বায়ুর ন্যায় এবং বিক্রমে বিষ্ণুর ন্যায় হইয়া থাকে। ৬-৮

- এই মন্ত্রপ্রভাবে ব্রহ্মহত্যা, সুরাপান এবং গুরুপত্নীগমন-জনিত পাপ তৎক্ষণাৎ দূরীভূত হয়। ৯

অধুনা সংক্ষেপে এই মন্ত্র-মাহাত্ম্য তোমার নিকট বর্ণনা করিলাম। কি শৈব, সৌর, গাণপত্য, বৈষ্ণব বা চণ্ডাল, কাহারও নিকটই এই মন্ত্রের সমতুল্য দ্বিতীয় মন্ত্র আর নাই। ১০

হে পরমেশ্বরি! শতকোটি মুখে সহস্রকোটি জিহ্বা দ্বারা বর্ণনা করিলেও এই শুভ মন্ত্রমাহাত্ম্য আমি সবিস্তারে বর্ণনা করিতে সক্ষম হইব না। ১১-১২

দেবী কহিলেন—হে শিব! আপনি পূজাবিধি কহিয়াছেন। কিন্তু কালিকা দেবীকে কোন স্থানে পূজা করিতে হইবে বা কোন স্থানে ধ্যান করিতে হইবে, হে দেবদেব মহাদেব। আপনি তাহা আমার নিকট বর্ণনা করুন। ১৩

---

১। মন্ত্র। ২। বারাধ্যতে।

ভৈরব উবাচ—

কামরূপে পূর্ণশৈলে বিন্ধ্যে চৈবোড্ডীয়ানকে।
বারাণস্যান্ত লৌহিত্যে করতোয়া-নদীজলে ॥ ১৪
আর্য্যাবর্ত্তে প্রয়াগে চ ব্রহ্মাবর্ত্তে তথৈব চ।
অনন্তফলদা পূজা সর্ব্বত্রৈব জলে স্থলে ॥ ১৫
তদভাবে লতাগেহে সিন্দুরাদি-তিরস্কৃতে[১]।
খড়্গ-শূল-ধনু[২]-কর্ত্তৃ-চামর-ব্যঞ্জনাদিভিঃ ॥ ১৬
বিতানধ্বজসংকীর্ণে দীপাবলীপরিষ্কৃতে[৩]।
সুদন্তীনাং সুকেশীনাং বেশ্যানাং গণশোভিতে ॥ ১৭
ঘণ্টানাদ-রবাকীর্ণে দীপাবলি-পরিষ্কৃতে।
এবংকৃতে গৃহে পূজা কালিকায়াঃ সুশোভনে ॥ ১৮
শ্মশানে চ সদা পূজ্যা পীঠাদপ্যাধিকা মতা।
কালিকায়াঃ শ্মশানাদ্ বিনান্যস্থানং ন প্রশস্যতে।
তস্মাৎ শ্মশানে পূজা চ কর্ত্তব্যা ভূতিমিচ্ছতা ॥ ১৯

ইতি কুমারীতন্ত্রে পূজাস্থাননির্ণয়ঃ নাম সপ্তমঃ পটলঃ ॥

---

ভৈরব কহিলেন—কামরূপ, পূর্ণশৈল, বিন্ধ্যপর্ব্বত, উড্ডীয়ান বা বারাণসীতে, লৌহিত্য বা করতোয়া নদীজলে; আর্য্যাবর্ত্ত, প্রয়াগ বা ব্রহ্মাবর্ত্তে জলে স্থলে সর্ব্বত্রই পূজা অনন্তগুণ ফল দান করে। ১৪-১৫

ঐ সকল স্থানাভাবে সিন্দূরাদি রাগরঞ্জিত লতাগৃহে, খড়্গ, শূল, ধনু, কর্ত্তৃকা, চামর, ও ব্যজন প্রভৃতি দ্বারা, বিতান (চাঁদোয়া, মণ্ডপ), ধ্বজ ও দীপাবলী প্রভৃতি শোভিত স্থানে; সুদন্তী, সুকেশী বেশ্যাগণ পরিবেষ্টিত, ঘণ্টাধ্বনি নিনাদিত, দীপাবলী সমুজ্জ্বল সুশোভন গৃহে কলিকা দেবীর পূজা করিবে। ১৬-১৮

পীঠস্থান হইতেও শ্মশান শ্রেষ্ঠতর। তজ্জন্য শ্মশানে সর্ব্বদা কালিকা-দেবীর পূজা করিবে। কালীকাদেবীর পূজার নিমিত্ত শ্মশান অপেক্ষা উৎকৃষ্টতর স্থান আর নাই। সুতরাং সিদ্ধিলাভেচ্ছু সাধক সর্ব্বদা শ্মশানে কালিকা দেবীর পূজা করিবে। ১৯

কুমারীতন্ত্রে পূজাস্থান নির্ণয় নামক সপ্তম পটল সমাপ্ত ॥ ৭

---

১। তদভাবে শূন্যগেহে চ সিন্দূরাভিরঞ্জিতে। ২। ধর। ৩। কৃষ্ণাগুরু সুধূপিতে।

## অষ্টমঃ পটলঃ

### [ আচারনির্ণয়ঃ ]

শ্রীদেব্যুবাচ—

গায়ত্রী যা শুভা প্রোক্তা দেবদেব জগৎপতে।
কালিকায়াশ্চৈব পূজা ধ্যানং তাবত্তথৈব চ ॥
সাধনঞ্চ মহাদেব যথাবৎ[১] বদ মে প্রভো ॥ ১

শ্রীভৈরব উবাচ—

গায়ত্রী যা পুরা প্রোক্তা ব্রহ্মজ্ঞানস্বরূপিণী।
শ্রীকৃষ্ণস্তু ঋষিস্তস্যা গায়ত্রী ছন্দ এব চ ॥ ২
শিব-শক্তিস্বরূপা হি দেবতা পরিকীর্ত্তিতা।
ধ্যানঞ্চৈব প্রবক্ষ্যামি শৃণুষ্ব প্রাণবল্লভে ॥ ৩
শ্মশানে শ্রীমহাকালীং দেবীং ধ্যায়েদ্ দিগম্বরীম্।
দংষ্ট্রাকরালবদনাং মুণ্ডমালাবিভূষিতাম্ ॥ ৪
দক্ষিণোর্দ্ধে ধনুর্দ্ধত্তে বামে চৈব তথা শরান্।
অধঃ পাশঞ্চ[২] খড়্গঞ্চ তৎ ক্রমাৎ পরিকীর্ত্তিতম্ ॥ ৫

---

[ আচারনির্ণয় ]

দেবী কহিলেন—হে দেবদেব, জগৎপতে! আপনি কালিকাদেবীর শুভ গায়ত্রী কহিয়াছেন। হে মহাদেব, হে প্রভো! আপনি কালিকাদেবীর পূজা, ধ্যান ও সাধনাবিধি যথাযথরূপে আমার নিকট বর্ণনা করুন। ১

ভৈরব কহিলেন—ইতিপূর্ব্বে আমি যে কালিকা গায়ত্রী কহিয়াছি তাহা ব্রহ্মজ্ঞান-স্বরূপিণী। শ্রীকৃষ্ণ ঐ গায়ত্রীর ঋষি এবং গায়ত্রী তাহার ছন্দ। ২

দেবী কালিকাই একাধারে শিব ও শক্তি-স্বরূপা। হে প্রাণবল্লভে! কালিকাদেবীর ধ্যান বলিতেছি, শ্রবণ কর। ৩

মহাকালী শ্মশানে অবস্থিতা, দংষ্ট্রাকরালবদনা, মুণ্ডমালা-বিভূষিতা, দিগম্বরী, চতুর্ভুজা, দক্ষিণোর্দ্ধ বাহুতে ধনু এবং বামোর্দ্ধ বাহুতে শরসমূহ, দক্ষিণস্থ নিম্নবাহুতে পাশ এবং বামদিকস্থ নিম্নবাহুতে খড়্গ ধারণ করিয়া আছেন, এইরূপে মহাকালীকে ধ্যান করিবে। ৪-৫

---

১। যথাতদ্। ২। পার্শ্বঞ্চ।

এবং ধ্যাত্বা মহাকালীং জপেল্লক্ষচতুষ্টয়ম্ ।
রুধিরাক্তৈঃ বিল্বপত্রৈ-স্তদ্দশাংশেন হোময়েৎ ॥ ৬
সাধনঞ্চ মহাদেবি পূর্ব্ববৎ চ সমাচরেৎ ।
অতঃ পরং প্রবক্ষ্যামি যেনাশু ফলদা ভবেৎ ॥ ৭
ব্রাহ্মে মুহূর্ত্তে উত্থায় তাম্বুলপূরিতাননঃ ।*
প্রাতঃকৃত্যং ততঃ কৃত্বা স্নাত্বা চৈব যথাবিধি ॥ ৮
খড়্গহস্তঃ সুরাদ্যন্ত[1] দদ্যান্মাংসাদিকং বলিম্ ।
পূজয়িত্বা যথান্যায়ং ততঃ আনীয়[2] সুন্দরীম্[3] ॥ ৯
সুন্দরীং যৌবনোন্মত্তাং সুবেশাং চারুহাসিনীম্ ।
কুলজাং যুবতীং বীক্ষ্য নমস্কুর্য্যাৎ সমাহিতঃ ॥ ১০

---

মহাকালীকে এইরূপে ধ্যান করিয়া চারি লক্ষ মন্ত্র জপ করিবে। তৎপর রুধিরাক্ত বিল্বপত্র দ্বারা চল্লিশসহস্র সংখ্যক হোম করিবে। ৬

হে মহাদেবি! পূর্ব্বকথিত নিয়মে মহাকালীর সাধনা করিবে। [পূর্ব্বোক্ত ষষ্ঠ পটলে কথিত কুলাচার পদ্ধতিতে মহাকালীর সাধনা করিতে এস্থলে ইহাই বলা হইতেছে]। অনন্তর, যে-ভাবে সাধনা করিলে মহাকালী শীঘ্র সিদ্ধিদায়িনী হইয়া থাকেন, তাহা বলিতেছি, শ্রবণ কর। ৭

ব্রাহ্মমুহূর্ত্তে শয্যা হইতে গাত্রোত্থান করিয়া যথারীতি প্রাতঃকৃত্য এবং স্নানাদি সম্পন্ন করিবে। ৮

সাধক খড়্গপাণি হইয়া পূজাকালে প্রথমে সুরা এবং তৎপর মাংসাদি দ্বারা মহাকালীকে বলি প্রদান করিবে। দেবীকে যথাবিধি পুজা করিয়া পূজাস্থানে সুন্দরী যৌবনোন্মত্তা, সুবেশা, চারুহাসিনী কুলযুবতীকে আনয়ন করিবে। কুলযুবতীকে দর্শনমাত্রই প্রথমে তাহাকে মনে মনে শ্রদ্ধার সহিত নমস্কার করিবে। ৯-১০

---

* তাম্বুলপূরিতাননঃ—অস্মিন্ স্থলে এতদপ্রাসঙ্গিকং ভ্রমাত্মকঞ্চ, অত এতৎ বর্জ্জনীয়ম্ ।

১। সুরামন্তো। ২। আগত্য ; মগমৎ।

৩। কোন কোন পুঁথিতে এই ছত্রের পর নিম্নোক্ত পংক্তি দুইটিও দৃষ্ট হয়।

"ব্রহ্মহত্যা সুরাপানং স্তেয়ং গুর্ব্বঙ্গনাগমঃ ।
মহান্তি পাতকান্যাহু-[পাতকাদ্যাহু]
স্তৎ সংসর্গী [সংযোগী] চ পঞ্চমঃ ।

যদি ভাগ্যবশেনৈব কুলদৃষ্টিঃ প্রজায়তে।
তত্রৈব মানসীং পূজাং তত্র তাসাং প্রকল্পয়ে ॥ ১১
স্ত্রিয়ো† দেবাঃ স্ত্রিয়ঃ প্রাণাঃ স্ত্রিয় এব বিভূষণম্।
স্ত্রীমেলনং সদা কার্য্যং সুন্দরীভির্বিশেষতঃ ॥ ১২
তাসাং প্রহারো নিন্দা চ কৌটিল্যমপ্রিয়ং তথা।
সর্ব্বথা চ ন কর্ত্তব্যমন্যথা সিদ্ধিরোধকৃৎ ॥ ১৩
তয়ৈব রচিতং পুষ্পং তয়ৈব রচিতং পয়ঃ।
তদ্ধস্তাদ্ রচিতং ভোজ্যং দেবতাভ্যো নিবেদয়েৎ* ॥ ১৪
পূর্ব্বোক্তং দেশমাগত্য কপালান্তস্থলে বিশেৎ[১]।
দিক্‌কালনিয়মো নাস্তি স্থিত্যাদিনিয়মো ন চ ॥ ১৫

---

যদি ভাগ্যবশে সাধক কুলদৃষ্টি প্রাপ্ত হয়, তাহা হইলে পূজা স্থানে ঐ কুলযুবতীকে মানসোপচারে পূজা করিবে। ১১

সাধনকালে কুলস্ত্রীই দেবীরূপিণী, কুলস্ত্রীই সাধকের প্রাণ এবং কুলস্ত্রীকেই সাধকের ভূষণরূপে গণ্য করিবে। সাধক বিশেষভাবে সর্ব্বদা সুন্দরী কুলস্ত্রী-গণের সহিত মিলিত হইবে। ১২

কখনও কোনও কারণে কুলস্ত্রীগণকে প্রহার করিবে না, বা কুলস্ত্রীগণের নিন্দা করিবে না। সর্ব্বদা তাহাদের সহিত অপ্রিয় বাক্য ও কুটিল ব্যবহার পরিত্যাগ করিবে। ইহার অন্যথাচরণ করিলে সিদ্ধিলাভে প্রতিবন্ধকতা জন্মে। ১৩

কুলস্ত্রী কর্ত্তৃক আহরিত পুষ্প ও জল এবং কুলস্ত্রী কর্ত্তৃক প্রস্তুত আহার্য্য দেবতাকে নিবেদন করিবে। ১৪

শ্মশানে গমন করিয়া সাধক নরকপাল রচিত আসনে উপবেশন করিবে। এই সাধনায় দিক বা কালাকাল বা অবস্থান প্রভৃতি বিষয়ে কোন প্রকার নিয়ম পালন করিতে হয় না। ১৫

---

† মূলশ্লোকে স্ত্রী-শব্দে কুলস্ত্রী নির্দ্দেশিত হইয়াছে।

* এইস্থলে অন্য সমস্ত পুঁথিতে 'নিবেদয়েৎ' শব্দের পর "প্রাতঃকৃত্যং ততঃ কৃত্বা স্নাত্বা চৈব যথাবিধি'—এই পঙ্‌ক্তিটি আছে। কিন্তু এস্থলে ইহা অপ্রাসঙ্গিক বিধায় পরিত্যক্ত হইল।

১। বসেৎ।

ন জাপকালনিয়মো নার্চ্চাদিষু বলিষ্বপি।
স্বেচ্ছানিয়ম উক্তোঽত্র মহামন্ত্রস্য সাধনে ॥ ১৬
পূজয়েৎ বিবিধৈঃ পুষ্পৈ-স্তুলসীবর্জ্জিতৈঃ শুভৈঃ।
এবং সংপূজ্য বিধিবৎ ভোজনে কালিকাং জপেৎ ॥ ১৭
শক্তিং নিশায়াং সংপূজ্য বিধিবৎ সাধকোত্তমঃ।
সিন্দুরভূষণো নিত্যং তথা চৈব[1] দিগম্বরঃ ॥ ১৮
নারীং দিগম্বরীং কৃত্বা বিপরীতো ভবেত্তদা।
আলিঙ্গনং চুম্বনঞ্চ কুর্য্যাচ্চৈব নিরন্তরম্ ॥ ১৯
নির্লজ্জকামবাণেন সৃষ্টিসম্পাদনোৎসুকা।
তস্মিন্ কালে সাধকেন্দ্রো জপেৎ সংক্ষিপ্তমানসঃ ॥ ২০
সম্ভোগঞ্চ স্বয়ং কুর্ব্বন্ জপেৎ সারস্বতমনুম্[2]।
ইত্যাচারপরঃ শ্রীমান্ কুলাচারপরঃ সদা[3] ॥ ২১

---

এই সাধনায় জপ, অর্চ্চনা বা বলি প্রভৃতি কোন বিষয়েই কালাকাল বিচারের কোন আবশ্যকতা নাই। এই মহামন্ত্রের সাধনে স্বেচ্ছাচারই একমাত্র নিয়ম। ১৬

পূজাকালে বিবিধপ্রকার শুভ (মঙ্গলসূচক) পুষ্প দ্বারা মহাকালীর পূজা করিবে। পূজার্থে তুলসী সর্ব্বদা বর্জ্জন করিবে। এইরূপে যথাবিধি কালিকার পূজা করিয়া, ভোজনকালেও কালিকা মন্ত্র জপ করিবে। ১৭

সাধকশ্রেষ্ঠ নিশাকালে কুলস্ত্রীকে শক্তিরূপে গ্রহণ করিয়া যথাবিধি তাহাকে পূজা করিবে। প্রত্যহ সিন্দুরভূষণে ভূষিত হইয়া সাধক দিগম্বর এবং কুলস্ত্রীকে দিগম্বরীরূপে গ্রহণ করিয়া বিপরীত-রতিতে প্রবৃত্ত হইবে। সাধক নিরবচ্ছিন্নভাবে কুলস্ত্রীকে আলিঙ্গন ও চুম্বন করিবে। ১৮-১৯

নির্লজ্জভাবে কামবাণে পীড়িত হইয়া যখন কুলস্ত্রী সৃষ্টি-সম্পাদনে সমুৎসুকা হয়, তখন সাধকশ্রেষ্ঠ সংক্ষিপ্ত মানসিক জপে প্রবৃত্ত হইবে। ২০

অথবা সাধক নিজে কুলস্ত্রী-সম্ভোগে প্রবৃত্ত হইলেও রতিকালে কালিকা মন্ত্র জপ করিতে থাকিবে। এইরূপে শ্রীমান (ভাগ্যবান) সাধক সর্ব্বদা কুলাচার-পরায়ণ হইয়া কালিকা সাধনায় প্রবৃত্ত হইবে। ২১

---

১। স্বয়ঞ্চৈব। ২। প্রদাম্। ৩। পরায়ণঃ।

ইহ স মানবশ্রেষ্ঠঃ[১] পশ্চান্মুক্তো[২] ভবেদ্ ধ্রুবম্ ।
বাগ্মীয়ং সর্ব্ববিদ্যানাং সর্ব্বসারস্বত-প্রদঃ[৩] ॥ ২২
তস্মাৎ ভাব্যা মহাবিদ্যা কুলাচারঃ সুদুর্ল্লভঃ ।
অস্য শাস্ত্রপ্রযুক্ত[৪]-শ্চেদাচারং ন করোতি যঃ ॥ ২৩
সংশয়াৎ স পাপিষ্ঠো ন বিদ্যাফলমশ্নুতে ।
রাজরাজেশ্বরী বিদ্যা কথিতা ভুবি দুর্লভা ॥ ২৪
যস্য[৫] জ্ঞানপ্রভাবেন কলয়ামি জগৎ ত্রয়ম্ ।
শিবশক্তিপরা দেবী নিত্যানন্দস্বরূপিণী ॥ ২৫
সারস্বতপ্রদা দেবী নিত্যানিত্যস্বরূপিণী[৬] ।
যাং জ্ঞাত্বা মুক্তিমাপ্নোতি কিমন্যৎ কথয়ামি তে ॥ ২৬

ইতি কুমারীতন্ত্রে আচার-নির্ণয়ো নাম অষ্টমঃ পটলঃ ।

---

এইরূপে যে ব্যক্তি মহাকালীর সাধনা করে, সে ব্যক্তি ইহকালে মানবশ্রেষ্ঠ এবং দেহান্তে মুক্তি লাভ করে। ইহা ধ্রুব সত্য। এই মন্ত্রপ্রভাবে সাধক বাগ্মী সর্ব্ববিদ্যা এবং জ্ঞানের অধীশ্বর হইয়া থাকে। ২২

সুতরাং সর্ব্বদা সুদুর্লভ কুলাচারক্রম পদ্ধতিতে এই মহাবিদ্যার সাধনা করিবে। তন্ত্রশাস্ত্রোক্ত শক্তিসাধনায় প্রবৃত্ত হইয়া যে ব্যক্তি কুলাচারে রত হয় না, বা কুলাচার সম্বন্ধে সংশয় পোষণ করে, সে ব্যক্তি মহাপাপিষ্ঠ ( মহাপাপী ) এবং তাহার সাধনাও ফলবতী হয় না। মহাকালী মন্ত্র, সর্ব্বমন্ত্রশ্রেষ্ঠ এবং পৃথিবীতে এই মন্ত্র অতি দুর্লভ। ২৩-২৪

এই মন্ত্রপ্রভাবে আমি ত্রিজগত পালন করিতেছি। দেবী মহাকালী স্বয়ং শিব ও শক্তিস্বরূপা এবং নিত্যানন্দ-স্বরূপিণী। দেবী মহাকালী জ্ঞানদায়িনী এবং নিত্যানিত্য সমস্তই তাঁহার রূপ। কালিকাদেবীর স্বরূপ জ্ঞাত হইলে সাধক মুক্তিলাভ করে। এক্ষণে অন্য আর কোন বিষয় বলিব, তাহা বল। ২৫-২৬

কুমারীতন্ত্রে আচারনির্ণয় নামক অষ্টম পটল সমাপ্ত।

---

১। ইহ সমোমরদৈাব ; ইতাাসমো নরশ্চৈব ; ইহ মল্লানিতশ্চৈব ; ইহ মত্বানিতশ্চৈব ।
২। পশ্চান্মত্তো ; পাপান্যভ্যো ; পাপান্মুচেৎ । ৩। প্রদং ; প্রদাং ।
৪। অন্যাশ্চাত্র প্রমুক্ত । ৫। যস্যা । ৬। অনিরুদ্ধসরস্বতী ।

## নবমঃ পটলঃ

শ্রীদেব্যুবাচ—

যা বিদ্যা কালিকায়াশ্চ দেবদেব জগৎপতে।
কলিনাম্নী যুগে ঘোরে প্রধানাং[1] কথয়স্ব মে ॥ ১

শ্রীভৈরব উবাচ—

শ্মশানকালিকায়াস্তু নান্যা কালী প্রশস্যতে।
সর্ব্বসিদ্ধিকারণং স্যাৎ অনিরুদ্ধ-সরস্বতী ॥ ২
তস্যা মন্ত্রেণ মন্ত্রী স্যাৎ কথয়ামি বরাননে।
পূর্ব্ববীজং মহাবিদ্যাং পূর্ব্ববীজত্রয়ং* তথা ॥ ৩
কূর্চ্চযুগ্মং মহাবিদ্যাং কূর্চ্চৈশ্চৈকং মহেশ্বরি।
লজ্জাদ্বয়ং মহাবিদ্যা লজ্জৈকঞ্চ তথা ভবেৎ[2] ॥ ৪
দক্ষিণে কালিকে স্বাহা বিদ্যা স্যাৎ পরিকীর্ত্তিতা।
এষা বিদ্যা রাজবিদ্যা পূজনে জপনে তথা ॥ ৫

---

দেবী কহিলেন—হে দেবদেব জগৎপতে! কালিকা মন্ত্র মধ্যে ঘোর কলিযুগে কোন কালিকা মন্ত্র সর্ব্বশ্রেষ্ঠ তাহা আমার নিকট ব্যক্ত করুন। ১

ভৈরব কহিলেন—শ্মশানকালিকা মন্ত্র অপেক্ষা অন্য কালিকা মন্ত্র শ্রেষ্ঠতর নহে। অর্থাৎ কালিকা মন্ত্রমধ্যে শ্মশানকালিকা মন্ত্রই শ্রেষ্ঠ মন্ত্র। এই মন্ত্র সর্ব্বসিদ্ধিপ্রদায়ক, অনিরুদ্ধ এই মন্ত্রের দ্বারাই মন্ত্রসরস্বতী হইয়াছে। হে বরাননে! আমি শ্মশানকালিকার মন্ত্র বলিতেছি।* ২-৩

ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং দক্ষিণে কালিকে, হ্রীং হ্রীং হূং হূং ক্রীং ক্রীং ক্রীং স্বাহা। এ বিদ্যা পূজা ও জপবিষয়ে রাজবিদ্যা। ৪-৫

---

১। প্রধানং।

* 'পূর্ব্ববীজত্রয়ং চৈব বাগ্‌ভবং পরিকীর্ত্তিতং' ষষ্ঠশ্লোকস্য চ দ্বিতীয়া পংক্তিঃ দ্রষ্টব্যা।

২। মহেশ্বরি।

* প্রথম পটলোক্ত ১১-১২ শ্লোকে ইতিপূর্ব্বে দক্ষিণা কালিকার মন্ত্র উল্লিখিত হইয়াছে।

ধ্যানে চৈব কুলাচারে বিদ্যারাজ্ঞী সমাশ্রিতা।
পূর্ব্ববীজত্রয়ং চৈব বাগ্ভবং পরিকীর্ত্তিতম্ ॥ ৬
কূর্চ্চদ্বয়ং মহেশানি মোহনং পরিকীর্ত্তিতম্।
লজ্জাযুগ্মং তথা বিদ্যা মুক্তিদং পরিকীর্ত্তিতম্ ॥ ৭
দক্ষিণে কালিকে স্বাহা স্তম্ভনে পরিকীর্ত্তিতম্।
উচ্চাটনে বাগ্ভবঞ্চ মোহনে বশ্যকে তথা ॥ ৮
মুক্তিদং মারণং চৈব[১] ফলমেতদুদাহৃতম্।
ষট্কর্ম্মাণি ততো বক্ষ্যে শৃণু দেবি সমাহিতঃ ॥ ৯
বজ্র[২]-পুষ্পৈঃ পূজয়িত্বা সহস্রং হোময়েদথ।
ততঃ কামকলা[৩] বিদ্যা নির্লজ্জাঃ কামমোহিতাঃ ॥ ১০
স্বং স্বং ভর্ত্তারং সংত্যজ্য যান্তি লোকত্রয়াঙ্গনাঃ[৪]।
অযুতঞ্চ সদা জপ্ত্বা ধ্যায়েদ্দেবীং দিগম্বরীম্ ॥ ১১

---

কুলাচার অবলম্বনে ধ্যান, পূজা ও জপার্থ এই মন্ত্র সর্ব্বমন্ত্রশ্রেষ্ঠ। এজন্য ইহাকে বিদ্যারাজ্ঞী বলা হয়। পূর্ব্ববীজত্রয় অর্থে বাগ্ভববীজকে [ ঐং ] বুঝাইয়া থাকে। ৬

হে মহেশানি! কূর্চ্চবীজদ্বয়কে [ হূং হূং ] মোহন শব্দে ( মোহন নামে ) অভিহিত করা হয়। লজ্জা যুগ্ম [ হ্রীং হ্রীং ] এবং কালিকা মন্ত্রকে মুক্তিদাতা নামে অভিহিত করা হয়। ৭

'দক্ষিণে কালিকে স্বাহা' এই মন্ত্রাংশ স্তম্ভনে প্রযোজ্য। উচ্চাটন, মোহন এবং বশীকরণকার্য্যে বাগ্ভব বীজ [ ঐং ] প্রযোজ্য। ৮

মুক্তিদাতা মারণকার্য্যে ফলপ্রসূ হইয়া থাকে। হে দেবি! অনন্তর আমি ষট্কর্ম্মে কালিকা মন্ত্রের প্রয়োগ বলিতেছি, সমাহিত চিত্তে শ্রবণ কর। ৯

বজ্রপুষ্প (পাঠান্তরে রক্তপুষ্প) দ্বারা কালিকার পূজা করিয়া সহস্র সংখ্যায় হোম করিবে। তৎপর কামকলা [কুণ্ডলিনী] সহযোগে মন্ত্র জপ করিলে, স্বর্গ, মর্ত্ত ও পাতালস্থ অঙ্গনাগণ স্ব-স্ব ভর্ত্তাকে পরিত্যাগ করিয়া নির্লজ্জা ও কামমোহিতা হইয়া সাধকসমীপে আগমন করে। সর্ব্বদা ষট্কর্ম্মে দেবীকে দিগম্বরীরূপে ধ্যান করিয়া অযুত সংখ্যায় মন্ত্র জপ করিবে। ১০-১১

---

১। মারণে চৈব। ২। রক্ত। ৩। কামসমা।
৪। মালিঙ্গয়ন্তি সদৈব তং; আলিঙ্গয়ন্তি স দৈবতং।

স্থাবরজঙ্গমে বাপি পাতালতলগে তথা।
আকর্ষয়তি মন্ত্রজ্ঞঃ কিমন্যা ভূমিযোষিতঃ ॥ ১২
হুত্বাযুতং[১] শ্মশানে তু ধ্যাত্বা দেবীং দিগম্বরীম্।
তদ্ভস্ম তিলকং কৃত্বা ততোহসৌ মোহয়েজ্জগৎ ॥ ১৩
শ্বেতপুষ্পৈঃ পূজয়িত্বা ধ্যাত্বা চৈব দিগম্বরীম্।
হুত্বাযুতং শ্মশানে চ কিমন্যোচ্চাটনে ধ্রুবম্ ॥ ১৪
নারীং নীত্বা[২] শ্মশানে চ দৃষ্ট্বা চ যোনিমণ্ডলম্।
হুত্বাযুতং শ্মশানে চ স চ সিদ্ধির্ভবেৎ ধ্রুবম্ ॥ ১৫
নারীং নীত্বা শ্মশানে তু দৃষ্ট্বা তদ্‌যোনিমণ্ডলম্।
জপিত্বা তু বশীকুর্য্যাৎ যদি সা ন পলায়তে ॥ ১৬
কৃষ্ণপুষ্পৈঃ পূজয়িত্বা ধ্যাত্বা চৈব দিগম্বরীম্।
জপ্ত্বাযুতং শ্মশানে চ শত্রূণাং মরণং ভবেৎ ॥ ১৭

---

এই মন্ত্রপ্রভাবে স্থাবর-জঙ্গম এবং পাতাল-তলস্থিত যুবতীগণও আকর্ষিত হইয়া থাকে, ভূমণ্ডলবাসিনী যোষিৎগণের সম্বন্ধে আর কথা কি? ১২

শ্মশানে অযুতসংখ্যক হোম করিয়া দেবীকে দিগম্বরীরূপে ধ্যান করিয়া মন্ত্র জপ করিবে। তৎপর ঐ হোমভস্ম দ্বারা কপালে তিলক করিলে ত্রিজগৎ মোহিত হয়। ১৩

শ্বেত পুষ্প দ্বারা পূজা করিয়া দেবীকে দিগম্বরীরূপে ধ্যান করিয়া শ্মশানে অযুত সংখ্যায় হোম করিলে নিশ্চয়ই অভীষ্ট ব্যক্তির উচ্চাটন হয়। ১৪

কুলযুবতীকে শ্মশানে আনয়ন করিয়া তদীয় কুলাগার দর্শন করিয়া শ্মশানে অযুত সংখ্যায় হোম করিলে, সাধক অভীষ্ট কার্য্যে নিশ্চয়ই সিদ্ধিলাভ করে। ১৫

কুলযুবতীকে শ্মশানে আনয়ন করত তদীয় কুলাগার দর্শনে জপ করিলে বশীকরণ কার্য্যে সিদ্ধিলাভ হয়। কিন্তু যদি কুলস্ত্রী জপকালে শ্মশান হইতে পলায়ন করে তাহা হইলে সিদ্ধি লাভ হয় না। ১৬

কৃষ্ণ পুষ্প দ্বারা কালিকা দেবীর পূজা করিয়া, দেবীকে দিগম্বরীরূপে ধ্যান করিয়া শ্মশানে অযুতসংখ্যক মন্ত্র জপ করিলে শত্রুদিগের মৃত্যু হইয়া থাকে। ১৭

---

১। জপ্ত্বা। ২। নারীণাঞ্চ।

কালীকল্পমিদং প্রোক্তং[১] গোপয়েৎ মাতৃজারবৎ ।
গোপনে সর্ব্বসিদ্ধিঃ স্যাৎ প্রকাশে মরণং ধ্রুবম্ ॥ ১৮

ইতি কুমারীতন্ত্রে কলিযুগবর্ণনে কালীকল্পং নাম নবমঃ পটলঃ ।

গ্রন্থঃ সমাপ্তঃ ।

---

হে দেবি! তোমার নিকট এই কালী-কল্প, যাহা বলিলাম, তাহা মাতৃজারবৎ সর্ব্বদা গোপন করিবে। গোপন করিলেই সাধনায় সর্ব্বসিদ্ধি লাভ হয়। প্রকাশ করিলে সাধকের মৃত্যু নিশ্চিত। ১৮

কুমারীতন্ত্রে কলিযুগবর্ণনে কালীকল্প নামক নবম পটল সমাপ্ত।

॥ গ্রন্থ সমাপ্ত ॥

---

১। দেবি।

## প্রকাশিত হইয়াছে -

### ॥ তন্ত্রগ্রন্থাবলী ॥

অন্নদাকল্প—৬.০০, ভূতডামরতন্ত্র—৬.০০, জ্ঞানসঙ্কলিনীতন্ত্র—৪.০০, সরস্বতীতন্ত্র—৩.০০, ষট্‌চক্রনিরূপণ—৪.০০, মাতৃকাভেদতন্ত্র—৭.০০, গুপ্তসাধনতন্ত্র—৬.০০, ক্রিয়োড্ডীশতন্ত্র—৬.০০, মায়াতন্ত্র—৫.০০, তারারহস্যম্—১০.০০, নির্ব্বাণতন্ত্র—৫.০০, কুলার্ণবতন্ত্র—৩০.০০, সৌভাগ্যলক্ষ্মীতন্ত্র—৫.০০, কুমারীতন্ত্র—৩.০০, তন্ত্রতত্ত্ব—৩০.০০, বগলামুখীতন্ত্র—৫.০০, কুব্জিকাতন্ত্র—৬.০০, তোড়লতন্ত্র—৬.০০, তন্ত্রাভিধান—২৫.০০, নিরুত্তরতন্ত্র—৭.০০, যোগিনীতন্ত্র—২৫.০০, পরশুরামকল্পসূত্রম্—৩৫.০০

### ॥ পুরাণ গ্রন্থাবলী ॥

দেবীপুরাণ—২০.০০ কালিকাপুরাণ—৩৫.০০

## ক্রমাগয়ে প্রকাশিত হইবে—

### ॥ তন্ত্রগ্রন্থাবলী ॥

কামধেনুতন্ত্র—কামাখ্যাতন্ত্র—কুলচূড়ামণি—নিত্যোষোড়শিকার্ণব—প্রচণ্ডচণ্ডিকা — কালীতন্ত্র — ত্রিপুরাতন্ত্র — ত্রিশক্তিতন্ত্র যোগিনীহৃদয় — আগমতত্ত্ববিলাস — পৌষ্করাগ — যোনিতন্ত্র— শ্যামারহস্য — বৃহন্নীলতন্ত্র — প্রপঞ্চসারতন্ত্র — পিচ্ছিলাতন্ত্র— নিত্যোৎসব—নীলতন্ত্র — কালীবিলাসতন্ত্র — কঙ্কালমালিনীতন্ত্র— আগমসার — মুণ্ডমালাতন্ত্র — ফেৎকারিণীতন্ত্র — তন্ত্ররাজতন্ত্র— রসিকমোহন চট্টোপাধ্যায় সম্পাদিত বৃহৎতন্ত্রসার (মূল, টীকা ও বঙ্গানুবাদসহ)—কৃষ্ণানন্দ আগমবাগীশের বৃদ্ধপ্রপৌত্র রামতোষণ ভট্টাচার্য্য সঙ্কলিত প্রাণতোষিণীতন্ত্র—অধ্যাপক শ্রীপঞ্চানন শাস্ত্রী কর্ত্তৃক পরিদৃষ্ট ও তৎপ্রদত্ত ভূমিকাসহ। শারদাতিলক—অধ্যাপক শ্রীপঞ্চানন শাস্ত্রী সম্পাদিত ও তৎপ্রদত্ত ভূমিকাসহ। মালিনীবিজয়তন্ত্র—গৌতমীয়তন্ত্র—গায়ত্রীতন্ত্র—তন্ত্রালোক—দশমহাবিদ্যাতন্ত্রম্ এবং আরও শতাধিক।

### ॥ পুরাণ গ্রন্থাবলী ॥

গরুড়পুরাণ—বৃহদ্ধর্ম্মপুরাণ—বৃহন্নারদীয়পুরাণ—মার্কণ্ডেয়পুরাণ—দেবীভাগবত—অগ্নিপুরাণ—ব্রহ্মাণ্ডপুরাণ—ভবিষ্যপুরাণ ইত্যাদি সমগ্র অষ্টাদশ মহাপুরাণ এবং উপপুরাণাদিও।

5/—

মূল্য ঃ [illegible] টাকা